



বাংলা বালভারতী

তৃতীয় শ্রেণী





টেলি-মানস হেল্পলাইন

Tele MANAS (Tele Mental Health Assistance and Networking Across States)

(১৪৪১৬ / ১৮০০-৮৯-১৪৪১৬)

জাতীয় মানসিক স্বাস্থ্য কর্মসূচির অধীনে টেলি-মানস, এই কেন্দ্র সরকার সমর্থিত একটি প্রকল্প, যা মহারাষ্ট্র রাজ্য অক্টোবর ২০২২ থেকে কার্যকর হয়েছে। টেলি-মানস কর্মসূচির মাধ্যমে হেল্পলাইন নম্বর ১৪৪১৬ এ ফোন করে ২৪x৭ বিনামূল্য এবং সবার জন্য মানসিক স্বাস্থ্য পরিসেবা পাওয়া যায়। এর মাধ্যমে বিভিন্ন মানসিক সমস্যার জন্য বিশেষজ্ঞদের দ্বারা চিকিৎসা ও পরামর্শ প্রদান করা হয়। টেলি-মানস হেল্পলাইনে ফোন করার পর যে তথ্য দেওয়া হয় তা সম্পূর্ণ গোপন রাখা হয়। তাই শিক্ষার্থীরা নির্ভয়ে তাদের সমস্যা এই হেল্পলাইন নম্বরে ফোন করে জানাতে পারে এবং নিজের সমস্যার জন্য সাহায্য চাইতে পারে। অন্যদেরও সাহায্য নেওয়ার জন্য উৎসাহিত করা যেতে পারে।

মনোদর্পণ

মনোদর্পণ (৮৪৪৮৪৪০৬৩২) এর মাধ্যমে দূরভাষ পরিসেবা জুলাই ২০২০ থেকে শিক্ষা মন্ত্রণালয়ের উদ্যোগে জাতীয় শিক্ষাগত গবেষণা ও প্রশিক্ষণ পরিষদ (NCERT) এর মনোদর্পণ কর্মসূচির মাধ্যমে শিক্ষার্থী, অভিভাবক এবং শিক্ষকদের মানসিক দিকনির্দেশনা ও সহায়তা প্রদান করা হয়। এই পরিসেবা প্রতিদিন সকাল ৮টা থেকে সন্ধ্যা ৮টা পর্যন্ত, সপ্তাহের সব দিন উপলব্ধ। শিক্ষার্থী, অভিভাবক ও শিক্ষকেরা প্রয়োজনীয় দিকনির্দেশনা ও পরামর্শ পাওয়ার জন্য এই হেল্পলাইন নম্বরে ফোন করতে পারে।

প্রস্তুত পাঠ্যপুস্তকটি রাজ্য শিক্ষাগত গবেষণা ও প্রশিক্ষণ পরিষদ, মহারাষ্ট্র, পুণে কর্তৃক পাঠ্যক্রম অনুসারে প্রস্তুত করা হয়েছে এবং তাদের দ্বারাই পাঠ্যপুস্তকটি পর্যালোচনা করা হয়েছে। শাসন নির্ণয় ক্রমান্বয়ে : অভ্যাস - 2116/(প্র.ক্র.43/16) এসসি-4 তারিখ-25.04.2016 অনুযায়ী স্থাপিত করা সমন্বয় সমিতির তারিখ 01.04.2026 -এর সভায় এই পাঠ্যপুস্তক নির্ধারিত করার জন্য মান্যতা দেওয়া হয়েছে।



মহারাষ্ট্র রাজ্য পাঠ্যপুস্তক নির্মিতি ও অভ্যাসক্রম সংশোধন মণ্ডল, পুণে-411004



ছকে দেওয়া Q.R. Code টি স্মার্টফোন দ্বারা স্ক্যান করলে তোমার কাছে ডিজিটাল পাঠ্যপুস্তক এবং পাঠ্যপুস্তকে দেওয়া উপাদানগুলির সাথে সম্পর্কিত দৃশ্য ও শ্রাব্য-দৃশ্য শিক্ষণ সামগ্রীও উপলব্ধ হবে।

First Edition : 2026

© মহারাষ্ট্র রাজ্য পাঠ্যপুস্তক নিমিত্তি ও অভ্যাসক্রম সংশোধন মণ্ডল, पुणे-411004

এই পুস্তকের সর্ব অধিকার মহারাষ্ট্র রাজ্য পাঠ্যপুস্তক নিমিত্তি ও অভ্যাসক্রম সংশোধন মণ্ডলের অধীনে সুরক্ষিত আছে। এই পাঠ্যপুস্তকের কোনো ভাগ সঞ্চালক, মহারাষ্ট্র রাজ্য পাঠ্যপুস্তক নিমিত্তি ও অভ্যাসক্রম সংশোধন মণ্ডলের লিখিত অনুমতি ছাড়া উদ্ধৃতি করা যাবে না।

বাংলা ভাষা সংযোজক

ডা. অলকা পোতদার

বিশেষাধিকারী হিন্দী ভাষা (বি.কা.)

শ্রী কৃষ্ণপদ গোপাল বিশ্বাস

সহায়ক বিশেষাধিকারী বাংলা (বি.কা.)

বাংলা ভাষা সমিতি

শ্রী অমরেন্দ্রনাথ বিশ্বাস্বর শিকদার, অধ্যক্ষ
শ্রী তপন পঞ্চগনন সরকার, সদস্য
শ্রী শঙ্কর অমূল্য মণ্ডল, সদস্য
শ্রী মহিতোষ কালাচাঁদ মণ্ডল, সদস্য
শ্রী শ্যামল সৌরভ বিশ্বাস, সদস্য
শ্রী নারায়ণ দেবেন্দ্র মল্লিক, সদস্য
শ্রী সুজয় জগদীশ বাছাড়, সদস্য
শ্রী জনক গোপাল সরকার, সদস্য
শ্রীমতী শিখারানী শ্রীনিবাস বারই, সদস্য
শ্রী নিখিন বিনয়ভূষণ হালদার, সদস্য
শ্রী তাপসরঞ্জন অসিত দাস, সদস্য
শ্রী পরিমল কৃষ্ণকান্ত মণ্ডল, সদস্য
শ্রী নিত্যানন্দ রঞ্জন বালা, সদস্য
শ্রী অজয় কার্তিক সরকার, সদস্য
শ্রীমতী সুনিতা বিধান বৈদ্য, সদস্য
শ্রী হরেন্দ্রনাথ সুধির সিকদার, নিমন্ত্রিত সদস্য
শ্রী সঞ্জিত সুকুমার সরকার, নিমন্ত্রিত সদস্য
শ্রী সঞ্জয় দুখিরাম মণ্ডল, নিমন্ত্রিত সদস্য
ডা. অলকা পোতদার, সদস্য-সচিব

গুণবত্তা সমীক্ষক

শ্রী সোমনাথ মহাপাত্র (গুণবত্তা পরীক্ষক)
এডভো. অরুণকী মুখার্জী (আইনি বিশেষজ্ঞ)
প্রোফ. অন্তরা চৌধুরী (CWSN বিশেষজ্ঞ)

মুখপৃষ্ঠ : শ্রী ভট্ট বাগলে
চিত্রাঙ্কন : শ্রীমতী শিল্পা দীক্ষিত
শ্রী লক্ষ্মীকান্ত বিজয় কালে
অক্ষরাঙ্কন- : সমর্থ গ্রাফিক্স
ডিজাইনিং : 522, নারায়ণ পেঠ, पुणे
নিমিত্তি : শ্রীমতী মিতালী ম. শিতপ
প্র. মুখ্য নিমিত্তি অধিকারী
শ্রী রাজেন্দ্র পাণ্ডলোঙ্কর
নিমিত্তি অধিকারী
কাগজ : 70 জী.এস.এম. ক্রিমবোভ
মুদ্রণাদেশ :
মুদ্রক :

প্রস্তাবনা

প্রিয় শিক্ষার্থীবৃন্দ,

নতুন শিক্ষাবর্ষ শুরু হয়েছে। তোমাদের হাতে বাংলা ‘বালভারতী’ তৃতীয় শ্রেণীর এই পাঠ্যপুস্তকটি তুলে দিতে পেরে আমি অত্যন্ত আনন্দিত।

শিক্ষার্থীবৃন্দ, তোমরা ইতিমধ্যে প্রথম ও দ্বিতীয় শ্রেণীতে পড়া ও লেখা শিখেছ। এখন তোমরা তৃতীয় শ্রেণীতে এসেছ। আমি আশা করি- তোমরা বাংলা ভাষার এই পাঠ্যপুস্তকটি পড়ার জন্য আগ্রহী রয়েছো। এই আগ্রহে পাঠ্যপুস্তকটি খুলে পড়ো। এই পুস্তকটি তোমাদের অবশ্যই ভালো লাগবে।

এই পাঠ্যপুস্তকে অনেক সুন্দর পাঠ, চিত্রকাহিনী ও ছবি দেওয়া আছে। পাঠগুলি পড়ো, ভাবো, আলোচনা করো, প্রশ্ন জিজ্ঞাসা করো এবং নিজের মত প্রকাশ করো। এই সব কার্যকলাপের মাধ্যমে তোমরা নতুন নতুন বিষয় শিখতে পারবে। এই পাঠ্যপুস্তকের গান ও কবিতাগুলি তোমাদের সুর ও তালের সঙ্গে অভিনয় করলে আনন্দ দেবে। এগুলি পড়া, বলা এবং বন্ধুদের সঙ্গে গাইতে তোমাদের খুব ভালো লাগবে।

এই পাঠ্যপুস্তকের পাঠ, কবিতা, চিত্রবর্ণনা, চিত্রকাহিনী ও বিভিন্ন কার্যকলাপের জন্য দেওয়া সুন্দর রঙিন ও আকর্ষণীয় ছবিগুলি তোমাদের নিশ্চয়ই ভালো লাগবে। প্রসঙ্গভিত্তিক ছবির কারণে তোমাদের পড়া বিষয়টি দীর্ঘদিন মনে রাখতে পারবে। এই বইয়ে দেওয়া বিভিন্ন কৃতি অনুশীলন করলে তোমাদের ভাষাগত দক্ষতা আরও উন্নত হবে এবং শব্দভাণ্ডারও বৃদ্ধি পাবে।

এই পাঠ্যপুস্তকের মাধ্যমে তোমরা ভালোভাবে পড়তে শিখবে, পরিষ্কার ও সুন্দরভাবে লিখতে ও বলতে শিখবে। একে অপরের সঙ্গে কথা বলার সময় আত্মবিশ্বাসের সঙ্গে যোগাযোগ করতে পারবে। বাড়ি, স্কুল ও আশেপাশের পরিবেশে সঙ্গে কথা বলার সময় আত্মবিশ্বাসের সঙ্গে যোগাযোগ করতে পারবে। বাড়ি, স্কুল ও আশেপাশের পরিবেশে বাংলা ভাষা দক্ষতার সঙ্গে ব্যবহার করতে শিখবে। শিক্ষার্থীবৃন্দ, বাংলা ভাষা পড়ো, বোঝো, ভাবো, বলা, লিখো এবং আনন্দের সঙ্গে শেখো। তোমাদের শিক্ষাজীবনের জন্য রইল অফুরন্ত আন্তরিক শুভেচ্ছা!

সুখেন্দ্র কল্যাণ

पुणे

তারিখ : 19-04-2026

ভারতীয় সৌর : বৈশাখ শু. 3,

শকে 1948, অক্ষয়তৃতীয়া


(অনুরাধা ওক)

সঞ্চালক

প্রকাশক : শ্রী হেমন্ত বাবর

প্র. নিয়ন্ত্রক

পাঠ্যপুস্তক নিমিত্তি মণ্ডল, প্রভাদেবী, मुम्बई-25



ভারতের সংবিধান

উদ্দেশিকা

“আমরা, ভারতের জনগণ, ভারতকে সার্বভৌম,
সমাজতান্ত্রিক, ধর্মনিরপেক্ষ, গণতান্ত্রিক, সাধারণতন্ত্র রূপে
গড়ে তুলতে এবং তার সকল নাগরিকই যাতে
সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিক ন্যায়,
বিচার, মতপ্রকাশ, বিশ্বাস, ধর্ম
এবং উপাসনার স্বাধীনতা,
সামাজিক প্রতিষ্ঠা অর্জন

ও সুযোগের সমতা প্রতিষ্ঠা
এবং তাদের সকলের মধ্যে

ব্যক্তির মর্যাদা এবং জাতীয় ঐক্য
ও সংহতি সুনিশ্চিতকরণের মাধ্যমে
তাদের মধ্যে যাতে ভ্রাতৃত্বের ভাব

গড়ে ওঠে তার জন্য

সত্যনিষ্ঠার সঙ্গে শপথ গ্রহণ করে আমাদের গণপরিষদে, আজ
১৯৪৯ সালের ২৬ শে নভেম্বর, (তিথি মাঘ শুক্ল সপ্তমী,
সম্ভব দুই হাজার ছয় বিক্রমী) এতদ্বারা এই সংবিধান গ্রহণ,
বিধিবদ্ধ এবং নিজেদের অর্পণ করছি।”

ভারতের সংবিধান

ভাগ ৪ক

নাগরিকের মৌলিক কর্তব্য

অনুচ্ছেদ ৫১ ক্র.

মৌলিক কর্তব্য - ভারতের প্রতিটি নাগরিকের এই কর্তব্য থাকবে যে তাকে -

- সংবিধানকে মান্য করতে হবে এবং সংবিধানের আদর্শ, প্রতিষ্ঠানসমূহ, জাতীয় পতাকা এবং জাতীয় সংগীতের প্রতি শ্রদ্ধা জানাতে হবে।
- যে সকল মহান আদর্শ দেশের স্বাধীনতার জন্য জাতীয় সংগ্রামকে অনুপ্রাণিত করেছিল, সেগুলিকে পোষণ এবং অনুসরণ করতে হবে।
- ভারতের সার্বভৌমিকতা, ঐক্য এবং সংহতিকে সমর্থন ও সংরক্ষণ করতে হবে।
- দেশরক্ষা ও জাতীয় সেবাকার্যে আত্মনিয়োগের জন্য আহ্বাত হলে সাড়া দিতে হবে।
- ধর্মগত, ভাষাগত, অঞ্চলগত বা শ্রেণীগত বিভেদের উর্ধ্বে থেকে সমস্ত ভারতবাসীর মধ্যে ঐক্য ও ভ্রাতৃত্ব-বোধকে সম্প্রসারিত করতে হবে এবং নারীজাতির মর্যাদাহানিকর সকল প্রথাকে পরিহার করতে হবে।
- আমাদের দেশের বহুমুখী সংস্কৃতির গৌরবময় ঐতিহ্যকে মূল্যপ্রদান ও সংরক্ষণ করতে হবে।
- বনভূমি, হ্রদ, নদী, বন্যপ্রাণী-সহ প্রাকৃতিক পরিবেশের সংরক্ষণ ও উন্নতি এবং জীবজন্তুর প্রতি মমত্ববোধ প্রকাশ করতে হবে।
- বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গি, মানবিকতাবোধ, অনুসন্ধিৎসা, সংস্কারমূলক মনোভাবের প্রসার ঘটাতে হবে।
- জাতীয় সম্পত্তি রক্ষণাবেক্ষণ ও হিংসার পথ পরিহার করতে হবে।
- সকল ক্ষেত্রে জাতীয় উন্নতির উৎকর্ষ এবং গতি বজায় রাখার উদ্দেশ্যে ব্যক্তিগত ও সমষ্টিগত সকল কাজে চরম উৎকর্ষের জন্য সচেষ্ট হতে হবে।
- মাতা-পিতা বা অভিভাবকদের ছয় থেকে চৌদ্দ বছর বয়সের প্রত্যেক শিশুকে শিক্ষাদানের ব্যবস্থা করতে হবে।

রাষ্ট্রগীত

জনগণমন-অধিনায়ক জয় হে
ভারত-ভাগ্যবিধাতা ।
পঞ্জাব সিন্ধু গুজরাট মরাঠা
দ্রাবিড় উৎকল বঙ্গ,
বিন্ধ্য হিমাচল যমুনা গঙ্গা
উচ্ছলজলধিতরঙ্গ
তব শুভ নামে জাগে, তব শুভ আশিস মাগে,
গাহে তব জয়গাথা ।
জনগণ মঙ্গলদায়ক জয় হে,
ভারত-ভাগ্যবিধাতা ।
জয় হে, জয় হে, জয় হে,
জয় জয় জয় জয় হে ॥

প্রতিজ্ঞা

ভারত আমার দেশ । সমস্ত ভারতবাসী আমার
ভাই-বোন ।

আমি আমার দেশকে ভালবাসি । আমার দেশের
সমৃদ্ধি এবং বিবিধতায় বিভূষিত পরম্পরার উপর
আমার গর্ব ।

ওই পরম্পরার সফলতা অনুসারে চলার জন্য আমি
সর্বদা ক্ষমতা অর্জন করতে চেষ্টা করবো ।

আমি আমার মা-বাবা, গুরুজন এবং বড়দের প্রতি
সম্মান ও সৌজন্যপূর্ণ ব্যবহার করবো ।

আমি প্রতিজ্ঞা করছি যে, আমি আমার দেশ ও
দেশবাসীর প্রতি নিষ্ঠাবান থাকবো । তাদের কল্যাণ এবং
সমৃদ্ধিতেই আমার সুখ নিহিত ।

বাংলা বালভারতী : তৃতীয় শ্রেণী - অধ্যয়ন ফলাফল

C.G.	C.	LO's	অধ্যয়ন ফলাফল	Pg. No.
1	1.1	1.1.1	বিভিন্ন প্রসঙ্গে তার নিজস্ব ভাষায় কমপক্ষে ৫ থেকে ৬ টি বাক্য সুসংগতভাবে কথা বলে।	2, 3, 4, 9, 24, 25, 45, 46, 47, 67
		1.1.2	অভিজ্ঞতাপ্রাপ্ত ঘটনা এবং প্রসঙ্গের সম্পর্কে আরও জানতে অন্যদের সাথে যোগাযোগ করে।	1, 22, 38, 48, 68, 72
		1.1.3	ঘটে যাওয়া ঘটনা এবং প্রসঙ্গের সম্পর্কে আরও জানতে অন্যদের সাথে যোগাযোগ করে।	1, 2, 22, 48, 69, 76
	1.2	1.2.1	শ্রেণীতে বিভিন্ন ধরনের পাঠ্য পড়ে এবং মূল খারণাগুলি বর্ণনা করে।	11, 15, 24, 25, 29, 36, 51, 54, 55, 76
		1.2.2	পাঠের উপাদানের পাঠ্যাংশ সংক্ষেপে বর্ণনা করে।	9, 10, 23, 24, 25, 31, 36, 45, 55, 57
		1.2.3	পঠিত সাহিত্যের অংশ সংক্ষেপে বর্ণনা করে।	4, 8, 10, 13, 24, 25, 36, 54
	1.3	1.3.1	৩ থেকে ৪টি বাক্য দেখা বস্তু এবং ছবি সম্পর্কে বর্ণনা করে।	2, 3, 45, 46, 47, 67
		1.3.2	বিভিন্ন অনুষ্ঠানে নিজের ভাষায় শুভেচ্ছা জানায়।	2, 3, 45, 46, 47, 67
		1.3.3	শ্রেণী পর্যায়ে আয়োজিত বিভিন্ন কার্যকলাপে অংশগ্রহণ করে এবং বক্তৃতা দেয়।	42, 44, 82
		1.3.4	বিভিন্ন অনুষ্ঠানে ভিন্ন বিষয়ে বক্তৃতা দেয়।	42, 44, 57
2	2.1	2.1.1	পরিচিত এবং অপরিচিত পাঠ্য থেকে সরল শব্দ এবং সিলেবল সহ উপযুক্ত গতিতে ৩ থেকে ৫ টি বাক্য নির্ভুলভাবে পড়ে।	5, 20, 38, 51, 64, 80, 84, 88
		2.1.2	ছবি, শব্দ এবং দৃশ্যমান চিত্র একত্রিত করে পাঠের ব্যাখ্যা করে।	20, 24, 25, 44, 68, 69
		2.1.3	নিজের ভাষায় ১-২ বাক্য পঠিত একটি ছোট পাঠের অর্থ ব্যাখ্যা করে।	38, 58
		2.1.4	অপরিচিত পাঠের (গদ্য) শব্দের জন্য পরিচিত ভাষার বিকল্প শব্দ বলে করে।	10, 18, 29, 48, 73
		2.1.5	একটি পাঠের বিষয়বস্তু সম্পর্কে বুঝে নিয়ে নিজের ভাষায় প্রকাশ করে।	55, 56, 64, 81
	2.2	2.2.1	বই ছাড়া অন্যান্য পাঠ্য (শিশু সাহিত্য, সংবাদপত্রের খবর, নোটিশ বোর্ড) বোধগম্যতার সাথে পড়ে। শিক্ষার্থী পরিচিত এবং অপরিচিত শব্দের তালিকা তৈরী করে।	24, 26, 32, 37, 64, 71, 87
		2.2.2	অংশগ্রহণমূলক পাঠে অংশগ্রহণ করে।	1, 45, 46, 47, 67
		2.2.3	গল্প, কবিতা অথবা অন্যান্য সাহিত্যের বিষয়বস্তু বোঝে এবং সেগুলিতে নিজের তথ্য যোগ করে।	1, 4, 31, 34, 62, 80
3	3.1	3.1.1	পাঠের নিয়ম অনুসারে বাক্য গঠনের ক্রম বুঝে বাক্য রচনা করে।	16, 20, 21, 33, 37, 42, 44, 49, 62, 71
		3.1.2	শিক্ষার্থী পঠিত পাঠের ঘটনাগুলির ক্রম সুসংগতভাবে লেখে।	10, 33, 38, 52, 53, 72
		3.1.3	পাঠের শিরোনাম, উপশিরোনাম চিনে লেখে।	9, 31, 55, 64, 69
		3.1.4	নিজস্ব অভিজ্ঞতা ক্রমানুসারে রচনা করে লেখে।	3, 9, 11, 14, 32, 54, 68, 84
	3.2	3.2.1	পঠিত পাঠের বিষয় সম্পর্কে ৫ থেকে ৬ টি বাক্য লেখে।	5, 7, 14, 20, 31, 38, 59, 60
		3.2.2	প্রদত্ত বিষয়ে নিজস্ব ভাষায় ৫ থেকে ৬ টি সরল বাক্য সুসংগতভাবে লেখে।	16, 21, 28, 41, 51, 59, 63, 67, 88

C.G.	C.	LO's	অধ্যয়ন ফলাফল	Pg. No.
	3.3	3.3.1	বিভিন্ন সুবিচার এবং উক্তি অনুলেখন করে।	22, 82, 86
		3.3.2	পদ্য-পাঠ্য মধ্যের ছন্দবদ্ধ শব্দগুলি লেখে।	19, 27, 40, 50
		3.3.3	নিজের অভিজ্ঞতা নিজের ভাষায় ৫ থেকে ৬ টি বাক্যে লেখে।	15, 16, 29, 42, 59
	3.4	3.4.1	শব্দের মধ্যে যথাযথ ব্যবধান রেখে বিরামচিহ্ন সহ বাক্য অনুলেখন করে।	9, 80, 86
		3.4.2	উপযুক্ত বিরামচিহ্ন ব্যবহার করে বাক্য লেখে।	18, 59, 63, 77
		3.4.3	বিশেষ্য, সর্বনাম, লিঙ্গ ও বচন বিবেচনা করে বাক্য লেখে।	6, 7, 18, 20, 21, 28, 51, 58, 65, 66, 86
4	4.1	4.1.1	একটি শব্দের সমান অর্থের অন্য শব্দ বলে।	6, 10, 18, 29, 40, 41, 55, 58, 84
		4.1.2	একটি শব্দের বিভিন্নার্থক শব্দ খুঁজে বের করে।	18, 85
		4.1.3	শব্দ বিস্তার করে।	6, 27, 40, 60, 65, 66
		4.1.4	সমুচ্চয়বোধক শব্দ এবং শব্দ সমূহের জন্য একটি শব্দ খুঁজে বলে।	9, 21, 25, 40, 60, 85
	4.2	4.2.1	বিভিন্ন পরিস্থিতি এবং ছবি বর্ণনা করার জন্য শব্দভাণ্ডার ব্যবহার করে।	3, 46, 47
		4.2.2	ভাষিক খেলার সময় নতুন শব্দ ব্যবহার করে (যেমন – শব্দের খেলা, ক্রসওয়ার্ড পাজল, এক অক্ষর দিয়ে শুরু হওয়া শব্দ ইত্যাদি।)	5, 18, 28, 50, 56, 60, 81
	4.3	4.3.1	শ্লোক, বাণী এবং পদকিত্তন, লোককাহিনী, লোকগীতি ইত্যাদি বিভিন্ন লোগসাহিত্য থেকে পরিচিত শব্দ সংগ্রহ করে।	34
		4.3.2	শ্লোক, বাণী এবং পদকিত্তন, লোককাহিনী, লোকগীতি ইত্যাদি বিভিন্ন লোকসাহিত্য থেকে অপরিচিত শব্দ সংগ্রহ করে।	34
5	5.1	5.1.1	স্কুল লাইব্রেরি এবং পাবলিক লাইব্রেরি পরিদর্শন করে লাইব্রেরির সাথে পরিচিত হয়।	46, 47, 48
		5.1.2	স্কুল লাইব্রেরি থেকে বই খার করে নিয়মিত পড়ে।	46, 47
		5.1.3	আগ্রহ অনুসারে বিভিন্ন বিষয় এবং গানের বই খুঁজে বের করে এবং পড়ে।	46, 47
	5.2	5.2.1	বইয়ের মুখপৃষ্ঠ, মূলপৃষ্ঠ এবং শিরোনাম নিরীক্ষণ করে ও সে সম্পর্কে আলোচনায় অংশগ্রহণ করে।	43, 46
	5.3	5.3.1	সংবাদপত্রের ছবি দেখে সংবাদের বিষয়বস্তু বলে।	16, 33, 39, 59, 64, 69, 75
		5.3.2	সংবাদপত্রের শিরোনাম পড়ে।	16, 39, 64, 75

পাঠদানের মাধ্যমে শিক্ষার্থীদের কাছ থেকে পাঠ্যপুস্তকে দেওয়া প্রত্যাশিত অধ্যয়ন ফলাফল অর্জন করানো অপরিহার্য। প্রত্যাশিত অধ্যয়ন ফলাফলের পাশে দেওয়া পৃষ্ঠসংখ্যাগুলি ছাড়া অন্য পৃষ্ঠগুলির তথ্যের মাধ্যমেও ঐ অধ্যয়ন ফলাফল অর্জন হতে পারে - এই প্রচেষ্টা শিক্ষকদের করতে হবে।

পাঠ্যপুস্তকে ব্যবহৃত প্রতীকের পরিচয়



শোনো



বোঝো



বলো



লেখো



পড়ো



সাংকেতিক ভাষা



কথাবার্তা বলো



গায়ন করো



চর্চা করো



পর্যবেক্ষণ করো



কৃতি করো

শিক্ষক ও অভিভাবকদের জ্ঞাতার্থে...

প্রিয় শিক্ষক/ অভিভাবকবৃন্দ!

আপনারা জানেন যে পঠন-পাঠন প্রক্রিয়ায় পাঠ্যপুস্তকটি শুধু একটি উপকরণ ও মাধ্যম, যা শিক্ষার্থীদের মধ্যে সেই অন্তর্নিহিত ক্ষমতাগুলির বিকাশে সহায়তা করে, যেগুলির বীজ তাদের মধ্যে পূর্ব থেকেই রয়েছে। আপনাদের সকলের কাছে এই অনুরোধ যে পাঠ্যপুস্তকের ব্যবহার করে এবং স্বাধীন ভাবে শিক্ষার্থীদের কক্ষ-কক্ষের চারিপাশের বিস্তৃত অসীম প্রকৃতির সাথে পরিচয় করাবেন। তাদের অনুসন্ধান-অন্বেষণ করতে উৎসাহিত করবেন। তাদের নিজের কথা বলার সুযোগ দেবেন এবং সঠিক ভাবে সিদ্ধান্ত গ্রহণের জন্য সংলাপে যুক্ত করবেন।

জাতীয় শিক্ষানীতি ২০২০ অনুযায়ী ভাষা জাতীয় উন্নয়নে এবং ন্যায় ভিত্তিক সমাজ গঠনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। ‘বুনিয়াদি শিক্ষণ পাঠ্যক্রম ২০২৪’ কে লক্ষ্য করে শিক্ষার্থীদের ভাষা বিকাশের বাংলা ‘বালভারতী’ পাঠ্যপুস্তকটি প্রস্তুত করার সময় নিম্নলিখিত বিষয়গুলির প্রতি লক্ষ্য রাখা হয়েছে।

তৃতীয় শ্রেণীর বাংলা ‘বালভারতী’ এই পাঠ্যপুস্তকটি শিক্ষার্থীদের পূর্বজ্ঞানের বিবেচনা করে ভাষার নতুন ব্যবহারিক প্রয়োগ এবং বিনোদনের বিষয়বস্তু দ্বারা সুসজ্জিত করে আপনাদের সম্মুখে প্রস্তুত করা হলো। এই পাঠ্যপুস্তকটি শিক্ষার্থীদের পূর্ব অভিজ্ঞতা, ঘর, পরিবার, পরিবেশের তথ্যকে ভিত্তি করে শ্রবণ, ভাষণ, কথোপকথন, পঠন ও লেখনের ভাষাগত দক্ষতার সঙ্গে মূল্যায়ন, পর্যবেক্ষণ, ক্রিয়াকলাপ ও উদ্যোগের উপর বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে।

- সর্ব প্রথম সম্পূর্ণ পাঠ্যপুস্তকটি আকলনসহ পঠন করবেন।
- কোন পাঠ্য শেখানোর পূর্বে পাঠ্যের নীচে দেওয়া পাঠন পরামর্শ পুস্তানুভাবে বুঝে অনুসরণ করবেন।
- পাঠ্যপুস্তকটির প্রতীকচিহ্নগুলি বুঝে নিয়ে শিক্ষার্থীদের বুঝিয়ে বলবেন।
- মনে রাখবেন যে এই পাঠ্যপুস্তকটির সম্পূর্ণ পাঠ্য উপাদানের উদ্দেশ্য হলো – শেখার অভিজ্ঞতার মাধ্যমে ভাষাগত দক্ষতা এবং ক্ষমতা বিকাশ করা, তার পাশাপাশি পাঠ্যের উদ্দেশ্য অনুসারে মূল্যবোধ, সংস্কার এবং জীবনদক্ষতা বিকাশ করা।
- পূর্বানুভব, দেখা বোঝা ও বলো, শোনো, এসো শিখি, পড়ো, বোঝো ও লেখো, পর্যবেক্ষণ করো ও আবৃত্তি করো, পার্থক্য বলো ইত্যাদি সম্পূর্ণ পাঠ্য একটি মনোরম পরিবেশে কার্যকলাপ এবং অনুশীলনী সম্পূর্ণ করবেন।
- কবিতা, গল্প ও সংলাপ এর অধ্যয়ন অভিজ্ঞতা প্রদানের সময় সঠিক উচ্চারণ, অঙ্গভঙ্গি, তাল ও সুর, ছন্দ, আরোহ-অবরোহ এর দিকে মনোযোগ সহকারে লক্ষ্য-দেবেন এবং প্রয়োজন অনুসারে উপযুক্ত শিক্ষামূলক দক্ষতা এবং ফলাফলের উপর লক্ষ্য দেওয়া গুরুত্বপূর্ণ।

শিক্ষার্থীদের মধ্যে এগুলির বিকাশ ঘটাতে হবে।

- মনে রাখবেন যে এই পাঠ্যপুস্তকে জিজ্ঞাসা করা প্রশ্নগুলি শুধু সেই পাঠগুলির মধ্যে সীমাবদ্ধ নয়। শিক্ষার্থীর কল্পনা ও চিন্তা ভাবনা বিকাশের জন্য পাঠ্যের উপর ভিত্তি করে বহির্ভূত প্রশ্নগুলিও জিজ্ঞাসা করা হয়েছে – এগুলি অনুশীলনের দিকে বিশেষ লক্ষ্য দেবেন।
- আমরা বিশ্বাস করি যে আপনারা সকলে পঠন, পাঠন ও শেখার ক্ষেত্রে এই পাঠ্যপুস্তকটি দক্ষতার সাথে ব্যবহার করবেন এবং শিক্ষার্থীদের মধ্যে বাংলা ভাষার প্রতি রুচি এবং আগ্রহ বৃদ্ধিতে সহায়তা করবেন।

বাংলা ‘বালভারতী’ এই পাঠ্যপুস্তকটিতে প্রত্যেক পাতায় কিছু দেখো, লেখো, পড়ো, বোঝো, আঁকো, শোনো, বলো, কথাবার্তা, চর্চা, অভিনয় ইত্যাদি ক্রিয়ামূলক আয়কনের সমাবেশ করা হয়েছে। যেহেতু শিক্ষার্থীরা শিক্ষার প্রথম ধাপেই, তাই এই ক্রিয়ামূলক আয়কনের মাধ্যমে বুঝতে সক্ষম হবে – যে তাকে কী করতে হবে। পাঠ্যপুস্তকটিতে অন্তর্ভুক্ত প্রতিটি উপাদানগুলি অধ্যয়ন ফলাফলকে লক্ষ্য রেখে সমাবেশ করা হয়েছে এবং প্রতিটি পৃষ্ঠার নীচে পাঠন পরামর্শ দেওয়া হয়েছে যা শিক্ষক, অভিভাবক ও সুলভকদের পাঠন করতে সাহায্য করবে এবং তার ফলে শিক্ষার্থীরা অধ্যয়ন ফলাফল অর্জন করতে সক্ষম হবে।

এছাড়া শুভেচ্ছা বার্তা, ভিন্নতা, ক্রিয়াকলাপ, ধাঁধা, পার্থক্য, আমার পরিবার এর মাধ্যমে শেখার প্রক্রিয়াকে আনন্দদায়ী ও বিনোদনের সাথে রুচিকর করতে সক্ষম হবে। আমাদের বিশ্বাস যে শিক্ষক ও অভিভাবক পাঠ্যপুস্তকের সামগ্রীর রচনামূলক ব্যবহার, উদ্দেশ্য এবং নির্দেশাবলীকে লক্ষ্য রেখে করবেন – যাতে পঠন-পাঠন কার্যকর হবে এবং শিক্ষার্থীরা আনন্দের সাথে ভাষা শিখবে।

পঠন-পাঠন করার সময় ‘বিশেষ চাহিদা সম্পন্ন শিশু’(CWSN)দের জন্য সাংকেতিক চিহ্নের ভাষা এবং অন্য অনুপূরক অধ্যাপন পদ্ধতির ব্যবহার করবেন। তারা যে পদ্ধতিতে ব্যক্ত হতে পারে সেই পদ্ধতিতেই ব্যক্ত হওয়ার সুযোগ দেবেন। মাঝে-মাঝে তাদের দিকে নজর রেখে তাদের বিশেষ ভাবে উৎসাহ দেবেন। এই শিশুদের অধ্যাপন করার সময় ব্লাকবোর্ড বা অন্য দৃক-শ্রাব্য সাহিত্যের ব্যবহার করবেন।

★ সূচীপত্র ★

প্রথম বিভাগ		
অ. ক্র.	পাঠের নাম	পৃ. ক্র.
*	ছড়া	১
১	আমরা খেলা করি	২
২	প্রার্থনা (কবিতা)	৪
৩	শিক্ষার আলো	৮
৪	পার্থক্য	১২
৫	স্বাধীনতা দিবস	১৩
৬	আমাদের গ্রাম (কবিতা)	১৭
*	পুনরাবৃত্তি-১	২১


দ্বিতীয় বিভাগ		
অ. ক্র.	পাঠের নাম	পৃ. ক্র.
*	বুদ্ধিমান	২৩
৭	পিঁপড়ে ও ফড়িং	২৪
৮	বিষ্টি পড়ে টাপুর টুপুর (কবিতা)	২৬
৯	পোলা	৩০
১০	বাগী	৩৪
১১	মোবাইল, টিভি ও আমরা	৩৫
১২	আদর্শ ছেলে (কবিতা)	৩৯
*	পুনরাবৃত্তি-২	৪৩

তৃতীয় বিভাগ		
অ. ক্র.	পাঠের নাম	পৃ. ক্র.
*	শিল্প কার্য	৪৫
১৩	বিদ্যালয়ের গ্রন্থাগার	৪৬
১৪	উৎসব (কবিতা)	৪৮
১৫	ব্যবহার	৫২
১৬	ধাঁধা	৫৬
১৭	জগদীশচন্দ্র	৫৭
১৮	তরুণীন মরু (কবিতা)	৬১
*	পুনরাবৃত্তি-৩	৬৫

চতুর্থ বিভাগ		
অ. ক্র.	পাঠের নাম	পৃ. ক্র.
*	মেলা	৬৭
১৯	টোনা আর টুনি	৬৮
২০	মামার বাড়ি (কবিতা)	৭০
২১	পাখি আমাদের বন্ধু	৭৪
২২	জাতীয় প্রতীক	৭৮
২৩	প্রার্থনা সভা	৭৯
২৪	পুতুল কথা বল (কবিতা)	৮৩
*	পুনরাবৃত্তি-৪	৮৭



ছড়া



খেলায় মজিয়া শিশু কাটাও না বেলা
সময়ের প্রতি কভু করিও না হেলা।
আজি যে সময় গত হইল তোমার
আসিবে না পুনঃ তাহা আসিবে না আর।
তাই বলি বৃথা কাল করিও না ক্ষয়
আপনার কাজ কর থাকিতে সময়।

পাঠন পরামর্শ : • ছবিটি পর্যবেক্ষণ করবেন এবং ছবিতে কী কী দেখা যাচ্ছে তা জিজ্ঞাসা করবেন। • ছবিটি সূক্ষ্মভাবে পর্যবেক্ষণ করেছে কি না, এটা যাচাই করার জন্য ছোট-ছোট প্রশ্ন জিজ্ঞাসা করবেন। • শিক্ষার্থীদের দলগত ভাবে চর্চা করতে বলবেন। • স্লোগান তৈরী করতে বলবেন। • বিদ্যালয়ীন গ্রন্থাগারের তথ্য বলার জন্য উৎসাহিত করবেন এবং তার পাশাপাশি জ্ঞানবান, মানসিক এবং শারীরিক দৃষ্টিতে সুস্থ, জিজ্ঞাসু ও সারাজীবন শিক্ষণ ইত্যাদি মূল্য পরিশীলন করবেন। • কবিতার ঘটনা সম্পর্কে শিক্ষার্থীদের বর্ণনা করতে বলবেন।



দেখো, চেনো ও চর্চা করো :



১ আমরা খেলা করি



পাঠন পরামর্শ : • শিক্ষার্থীর সাথে ঘটে যাওয়া ঘটনা সম্পর্কে সহপাঠীর সাথে চর্চা করতে বলবেন। • ঘটনা সম্পর্কে আরও তথ্য জানার জন্য দুই থেকে চারটি প্রশ্ন জিজ্ঞাসা করতে বলবেন।



পাঠন পরামর্শ : • ছবি পর্যবেক্ষণ করতে বলবেন। • ছবিটিতে কোন কোন নতুন শব্দ এসেছে প্রত্যেক শিক্ষার্থীকে তা আলাদা-আলাদা করে জিজ্ঞাসা করবেন। • ছবিতে দেওয়া খেলাধুলার নাম জিজ্ঞাসা করবেন। • পছন্দের খেলাটির নাম জিজ্ঞাসা করবেন। • শিক্ষার্থীদের সমূহ তৈরী করে প্রতিটি খেলাধুলা সম্পর্কে দুটি বাক্যে বর্ণনা করতে বলবেন। • ছবির বর্ণনা অনুসারে শব্দ লিখতে দেবেন। • খেলাধুলার উপকরণ সম্পর্কে চর্চা করবেন এবং এর পাশাপাশি প্রতিযোগিতা, সহযোগিতা, অনুশাসন, মানসিক এবং ভাবনাত্মক স্বাস্থ্য, জবাবদিহি ইত্যাদি মূল্যের পরিশীলন ও তার সংক্রমণ ঘটাবেন।



জীবন আমার করো ফুলের মতন
শোভার আধার,
পবিত্র সুগন্ধে যেন সবাকার মন
তুষি অনিবার।

ওগো দয়াময়, তুমি থাকো সাথে সাথে
শোভা করি আমার জীবন,
শরৎ হেমন্ত গ্রীষ্ম বসন্ত বর্ষাতে
হে সুন্দর থাকো অনুক্ষণ।

অন্ধের যষ্টির মত করগো আমারে
দুঃখীর নির্ভর,
প্রাণপনে আমি যেন দুঃখী অনাথারে
সেবি নিরন্তর।

ওগো দয়াময়, তুমি থাকো সাথে সাথে
প্রাণে বল করহ বিধান,
আমার এ জীবনের সন্ধ্যায়-প্রভাতে
কাছে থাকো, সর্বশক্তিমান।

প্রিয়ংবদা দেবী



পাঠন পরামর্শ : • কবিতাটি উপযুক্ত ভাবও অঙ্গভঙ্গি, লয় ও তালসহ বিদ্যালয়ের প্রার্থনা সভায় প্রস্তুত/আবৃত্তি করাবেন। • এক-এক বা দুই-দুই পঙক্তি করে সম্পূর্ণ কবিতা আবৃত্তি করাবেন। • ছবিটিতে কী-কী দেখা যায় তা নিজের ভাষায় বর্ণনা করে কি-না, এটা যাচাই সূচী মাধ্যমে যাচাই করবেন। • প্রস্তুত কবিতার মাধ্যমে শিক্ষার্থীদের নৈতিকগুণ, ধর্মনিষ্ঠ আধ্যাত্মিক, মানসিক ও শারীরিক সুস্থতা, সংবেদনশীল ইত্যাদি মূল্যগুণের পরিশীলন করাবেন। • অবান্তর পুস্তক/কবিতা থেকে শ্লোক, বাণী এবং পদ খুঁজতে বলবেন।

● আলোচনা করো।



- ◇ যদি তুমি কবির স্থানে থাকতে, তাহলে তোমার প্রার্থনা কেমন হতো ?
- ◇ এই কবিতা পড়ে তুমি জীবনে কোন গুণগুলি অর্জন করতে চাও ?
- ◇ আমাদের জীবনে দয়া ও সহানুভূতির প্রয়োজন কেন ?
- ◇ কবি কেন তার জীবনকে ফুলের সঙ্গে তুলনা করেছেন ?

● শব্দের অন্তিম ধ্বনি দিয়ে নতুন অর্থপূর্ণ শব্দ মালিকা তৈরী করো।



অ. ক্র.	শব্দ	শেষ ধ্বনি	নতুন শব্দ	অ. ক্র.	শব্দ	শেষ ধ্বনি	নতুন শব্দ
১.	সতী	→ তী	→ তীর	২.	মাটি	→	→
৩.	খুশি	→	→	৪.	নদী	→	→
৫.	ভাত	→	→	৬.	থাকো	→	→

● নীচের শব্দগুলি উচ্চস্বরে পড়ো।



☆ ফুল

☆ পবিত্র

☆ মন

☆ জীবন

☆ সুগন্ধ

☆ দয়াময়

☆ বসন্ত

☆ অন্ধ

☆ নির্ভর

☆ হেমন্ত

☆ শোভা

☆ শরৎ



- কবিতা থেকে ছন্দবদ্ধ শব্দগুলি খোঁজ করে লেখো ও পড়ো।



যেমন : আধার – অনিবার

- ১) জীবন – ২) নির্ভর –
 ৩) বিধান – ৪) আমারে –

- সমার্থক শব্দ লিখে বাক্য তৈরী করে লেখো।



যেমন : ফুল = পুষ্প, বাক্য : উপবনে নানা রঙের পুষ্প ফুটেছে।

- ১) জীবন = :
 ২) শোভা = :
 ৩) সুখ = :
 ৪) দুঃখ = :

- একই শব্দ যুক্ত করে নতুন অর্থপূর্ণ শব্দ তৈরী করো।



যেমন : খড় + খড় = খড়খড়

- ১) টন + = ২) ঠক + =
 ৩) কল + = ৪) বান + =

- এক কথায় উত্তর দাও।



- ১) কবি নিজের জীবন কীসের মতো করতে চান ?
 ২) কবিতায় কবি কাকে ডেকেছেন ?
 ৩) কবি কাকে সর্বশক্তিমান বলেছেন ?
 ৪) কবিতার নাম কী ?
 ৫) ‘অন্ধের যষ্টি’ কাকে বলা হয়েছে ?

- নীচের খাঁধাগুলির উত্তর কবিতা থেকে খোঁজ করে লেখো।



- ১) এমন একটি সময়, যে সময়ে কোকিল ডাকে। –
- ২) এমন একটি জিনিস, যা অন্ধ মানুষ পথ
চলতে ব্যবহার করে। –
- ৩) ফুলের মধ্যে থাকি আমি। –
- ৪) আমি এমন শব্দ, যার মানে সব কিছু
করতে সক্ষম। –



পড়ো ও বোঝো :



বচন



যে শব্দ দ্বারা কোনো ব্যক্তি, বস্তু বা প্রাণীর একটি বা একাধিক সংখ্যা বোঝায়, তাকে ‘বচন’ বলে।



বচন দুই প্রকার।

১) একবচন

২) বহুবচন



একবচন : যে পদের দ্বারা একটি মাত্র সংখ্যাকে বোঝায় তাকে ‘একবচন’ বলে।

যেমন : ● বলটা নিয়ে এসো।

● বইখানা একটু দাও না।



বহুবচন : যে পদের দ্বারা একের বেশি সংখ্যাকে বোঝায় তাকে ‘বহুবচন’ বলে।

যেমন : ● পাণ্ডবেরা পাঁচ ভাই ছিলেন।

● তোমাদের আগেও বলেছি।



৩ শিক্ষার আলো



একটি ছোট গ্রামে বিনয় নামে একটি ছোট ছেলে ছিল। সে খুব বুদ্ধিমান কিন্তু চঞ্চল ছিল। পড়াশোনার দিকে তার একেবারে মন ছিল না। সকালে ঘুম থেকে উঠে বই খোলার বদলে সে মাঠে দৌড়াতে চলে যেত। দুপুরে বন্ধুদের নিয়ে গাছে উঠত, মাছ ধরত কিংবা খেলার ছলে সময় কাটাতো। তার মা প্রায়ই বলতেন, বিনয় হেসে উত্তর দিত, “শিক্ষার দরকার কী মা? আমার তো খেলাধুলাতেই আনন্দ।”

একদিন স্কুলে শিক্ষক ক্লাসে সবাইকে ডেকে বললেন, “শোনো বাচ্চারা – যে পড়াশোনা করে না, সে অন্ধকারেই পড়ে থাকে।” তারপর শিক্ষক তাদের একটি গল্প শোনালেন।



তিনি বললেন, “একবার দুটি বীজ পাশাপাশি মাটিতে পড়েছিল। প্রথম বীজটি বলল, আমি অঙ্কুরিত হবো, সূর্যের আলো নেবো, জলপান করবো, গাছ হয়ে উঠবো। আর দ্বিতীয় বীজটি ভয় পেয়ে বলল, না আমি মাটির ভেতরই থাকব।



কিছুদিন পর প্রথম বীজ থেকে একটি সবল চারা গাছ অঙ্কুরিত হলো, ফুল-ফল ধরল, সবাই তাকে দেখে খুশি হলো। আর দ্বিতীয় বীজটি মাটির ভেতরই পড়ে থেকে শেষ পর্যন্ত নষ্ট হয়ে গেল।”

গল্প শোনার পর বিনয় কিছুদিন চুপ করে রইল। রাতে ঘুমোবার আগে সে মনে মনে ভাবল, ‘যদি আমি পড়াশোনা না করি, তবে আমি সেই দ্বিতীয় বীজের মতো অন্ধকারেই পড়ে থাকব। আমি তো চাই না সবাই আমাকে অকর্মণ্য বলুক।’

পরদিন সকালে ঘুম থেকে উঠে বিনয় প্রথমেই বই খুলল। অক্ষরগুলি শুরুতে তার কাছে কঠিন লাগছিল, কিন্তু সে হাল ছাড়ল না। শিক্ষককে জিজ্ঞেস করত, মাকে পড়া শুনাত, আর অনুশীলন করত। আগে সে যত সময় খেলায় নষ্ট করত, এখন তার অর্ধেক সময় পড়াশোনায় দিল। অবশ্যই খেলাধুলা করত, কিন্তু পড়াশোনাকে প্রথমে রাখত। শিক্ষক ও বাবা-মা তার পরিবর্তন দেখে খুশি হলেন।

বছর শেষে পরীক্ষায় বিনয় খুব ভালো ফল করল। গ্রামে সবাই তার সাফল্যের কথা বলতে লাগল। বিনয় বুঝল— ‘পড়াশোনা শুধু পরীক্ষায় নম্বর পাওয়ার জন্য নয় বরং নিজের ভবিষ্যৎ গড়ে তোলার জন্য অত্যন্ত অনিবার্য।’

পাঠন পরামর্শ : • শিক্ষার্থীদের সঙ্গে শিক্ষা বিষয়ে আলোচনা করবেন। • ছবি পর্যবেক্ষণ করে ছবির ঘটনা সম্পর্কে বর্ণনা করতে বলবেন। • প্রতিটি শিক্ষার্থীদের সরব পাঠন করাবেন এবং নিজের অভিজ্ঞতা বলার সুযোগ দেবেন। • গল্পে ব্যবহৃত যতি চিহ্নের পরিচয় করাবেন, অনুশীলন করাবেন। • প্রস্তুত পাঠকে ভিত্তি করে জ্ঞানবান, অনুশাসন, অনুকূলনশীল ও সমস্যা নিরাকরণকর্তা গুণের পরিশীলন করাবেন। • পাঠের মূলধারগাটি ৬ থেকে ৮ বাক্য বলতে বলবেন। • পাঠে শব্দ সমূহের জন্য এক শব্দের একটি উদাহরণ নিয়ে চর্চা করবেন এবং বিভিন্ন উদাহরণ বুঝিয়ে বলবেন।

- ‘শিক্ষার আলো’ এই পাঠ থেকে তোমার জানা ও অজানা শব্দগুলির তালিকা তৈরী করো।



জানা শব্দ	অজানা শব্দ

- এই পাঠের আরম্ভ, মধ্য ও শেষ নিজের ভাষায় বলো।



- নীচের ছবিটি পর্যবেক্ষণ করে অপূর্ণ সংলাপটি পূর্ণ করো।



সবুজ : আমার কলমটি দেখছি না।

আকাশ : তুমি কোথায় রেখেছ, মনে করো।

সবুজ : হয়তো, বাড়িতেই রেখে এসেছি।

আকাশ :

সবুজ :

আকাশ :



- ঘটনাগুলি সঠিক ক্রমে সাজাও।



- ◇ বিনয় পরীক্ষায় খুব ভালো ফল করল। ১.
- ◇ গল্প শুনে বিনয় চুপ করে রইল। ২.
- ◇ দুটি বীজ পাশাপাশি মাটিতে পড়েছিল। ৩.
- ◇ সকালে ঘুম থেকে উঠে বিনয় মাঠে যেত। ৪.
- ◇ শিক্ষক একটি গল্প শোনালেন। ৫.

- এক কথায় উত্তর দাও। 

১) বিনয় ছেলেটি কেমন ছিল ?

.....

.....

২) সকালে ঘুম থেকে উঠে বিনয় কী করত ?

.....

.....

৩) বিনয়ের শিক্ষক মহাশয় কীসের গল্প শোনালেন ?

.....

.....

- শুভেচ্ছা বার্তা পড়ো। 

শুভেচ্ছা বার্তা

- জন্মদিনের অনেক-অনেক শুভেচ্ছা রইলো। তোমার জীবন সুখে ও আনন্দে ভরে উঠুক!
- স্বাধীনতা দিবসের এই আনন্দের দিনে সবার প্রতি রইলো আন্তরিক শুভেচ্ছা !
- শুভ ভাইফোঁটা ! ঈশ্বর যেন তোমাকে সর্বদা সুখে রাখেন!

- শব্দগুলি সঠিক ক্রমে সাজিয়ে অর্থপূর্ণ বাক্য বানাও। 

১) থাকব আমি ভেতরই মাটির।

.....

.....

২) জীবনে মানুষের হলো সম্পদ শিক্ষা।

.....

.....

- নীচের শব্দগুলির সমান অর্থমূলক শব্দ পাঠ থেকে খুঁজে লেখো। 

১) তপন = ২) জ্ঞানী =

পাঠন পরামর্শ : • শিক্ষক শিক্ষার্থীদের নিয়ে বিদ্যালয়ের গ্রন্থাগার পরিদর্শন করাবেন। • গ্রন্থাগারে বইয়ের বিন্যাস এবং বিতরণ পদ্ধতি বুঝিয়ে তথ্য সংগ্রহ করতে বলবেন। • গ্রন্থাগার থেকে নিয়মিত বই ধার নিয়ে পড়তে বলবেন। • পছন্দের বইয়ের - শিরোনাম, মুখপৃষ্ঠ, মলপৃষ্ঠ লক্ষ্য করে বইয়ের বিষয়বস্তু সম্পর্কে বলতে বলবেন।



দেখো ও পার্থক্য বলো :



৪

পার্থক্য



- পাঠন পরামর্শ :**
- উপরের ছবি দু'টির পর্যবেক্ষণ করতে বলবেন।
 - ছবি দুটির মধ্যে ১০টি পার্থক্য দেওয়া আছে।
 - সেই পার্থক্যগুলি খুঁজে বের করতে বলবেন।
 - দল তৈরী করে 'পার্থক্য চিহ্নিত করো' খেলার আয়োজন করবেন।
 - যে প্রথমে পার্থক্য বলবে তাকে প্রশংসা করবেন।
 - এই ভাবে অন্য ছবি দিয়ে শব্দভাণ্ডার বৃদ্ধি করা খেলা নেবেন।



৫ স্বাধীনতা দিবস



আমাদের দেশের নাম ভারত। আমরা সবাই ভারতবাসী। ১৯৪৭ সালের ১৫ই আগস্ট আমাদের দেশ ইংরেজদের শাসন থেকে মুক্তি পায়। এই দিনেই ভারত স্বাধীন দেশ হয়। আমাদের দেশের অনেক মহামানব স্বাধীনতার জন্য লড়াই করেছিলেন। তাঁদের মধ্যে ছিলেন মহাত্মা গান্ধী, নেতাজী সুভাষচন্দ্র বসু, ভগৎ সিং আরও অনেকে। তাঁদের ত্যাগ ও সাহসের



পাঠন পরামর্শ : • উপরের ছবিটি পর্যবেক্ষণ করতে বলবেন। জাতীয় পতাকাটি যথাযোগ্য রঙে রঙ করতে বলবেন। • বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের (CWSN) জন্য বিশেষ অনুপূরক ব্যবস্থা করবেন। • বিদ্যালয়ের সকল কার্যক্রম তাদের জন্য বিশেষ সুযোগ দেবেন। • স্বাধীনতা দিবস উপলক্ষে নিয়মিত বিষয়ের সঙ্গে সঙ্গে সংবিধান দিবস, সত্তাবনা দিবস, রাষ্ট্রীয় একতা দিবস ইত্যাদি সম্পর্কে তথ্য শিক্ষক শিক্ষার্থীদের দেবেন।

ফলে আজ আমরা স্বাধীনতা লাভ করেছি। এই দিনটিকে স্মরণ করার জন্য প্রতি বছর সারা দেশ জুড়ে স্বাধীনতা দিবস পালন করা হয়।

সরকারী কার্যালয়ে জাতীয় পতাকা উত্তোলন করা হয়। এই দিনে আমরাও বিদ্যালয়ে জাতীয় পতাকা উত্তোলন করি। জাতীয় সঙ্গীত গাই আর দেশ প্রেমের গান গেয়ে আনন্দ করি। বিদ্যালয় প্রাঙ্গণ পরিষ্কার পরিচ্ছন্ন করে ছোট ছোট রঙিন পতাকা ও রঙের গুড়ি দিয়ে সাজানো হয়। সকল ছাত্র ছাত্রী বিদ্যালয়ের পোশাক পরে এসে সারিবদ্ধ ভাবে দাঁড়ায়। পতাকা উত্তোলনের পর এই স্বাধীনতা দিবস উপলক্ষে ছাত্র ছাত্রীরা বক্তৃতা দেয়, শিক্ষক-শিক্ষিকারা ও বক্তৃতা দেন। তারপর সকলকে লজেন্স, বিস্কুট, মিষ্টি বিতরণ করা হয়।

স্বাধীনতা দিবস আমাদের শেখায় যে আমাদের দেশকে ভালোবাসতে হবে। আমাদের দেশের জন্য ভালো কাজ করতে হবে। ঐক্য ও ভ্রাতৃত্ব বজায় রাখতে হবে। এই দিনটি ভারতের স্বাধীনতা সংগ্রামীদের আত্মত্যাগকে স্মরণ করিয়ে দেয়। স্বাধীনতা দিবসকে আনন্দ ও দেশপ্রেমের দিন হিসাবে পালন করা হয়।

এই দিনে আমরা সকলে মিলে দেশকে আরও সুন্দর করে গড়ে তোলার জন্য এবং দেশের উন্নতির জন্য কাজ করার শপথ নিই। আমাদের সকলের কাছে স্বাধীনতা দিবস অত্যন্ত আনন্দের দিন। আমাদের সবাইকে মিলে দেশকে ভালোবাসতে হবে, তাহলে আমাদের দেশ আরও সুন্দর ও শক্তিশালী হবে।

পাঠন পরামর্শ : • শিক্ষার্থীদের ছবি পর্যবেক্ষণ করতে বলবেন। • ছবির বিষয়বস্তু নিয়ে আলোচনা করবেন। • একটি করে অনুচ্ছেদ প্রত্যেক শিক্ষার্থীদের থেকে সরব পঠন করে নেবেন। • ‘স্বাধীনতা’ এর অর্থ বুঝিয়ে বলবেন। • দেশপ্রেমমূলক অন্য গল্পের মাধ্যমে শিক্ষার্থীদের উৎসাহিত করবেন। • পাঠ অনুসরণ করে ছোট ছোট প্রশ্ন জিজ্ঞাসা করবেন। • বিদ্যালয়ীন অন্যান্য উৎসব সম্বন্ধে তথ্য সংগ্রহ করতে বলবেন। • ব্যক্তিগত ও দলগতভাবে কৃতি সম্পূর্ণ করাবেন। • পাঠের উপর ভিত্তি করে সচেতন, গণতান্ত্রিক, দায়ীত্বশীল, উৎকৃষ্ট বক্তা, উৎকৃষ্ট সংবাদদাতা, দেশভক্ত ইত্যাদি মূল্যের পরিশীলন করবেন।



- নীচের শব্দগুলির অর্থ অভিধান থেকে খোঁজ করে লেখো।

শব্দ	অর্থ	শব্দ	অর্থ
স্বাধীনতা		স্মরণ	
সঙ্গীত		শাসন	
আনন্দ		মুক্তি	

- নীচে দেওয়া ছবির সাথে সঠিক নামের জোড়া লাগাও।



নেতাজী সুভাষ

মহাত্মা গান্ধী

ভগৎ সিং

চন্দ্রশেখর আজাদ

- এই পাঠ থেকে তুমি যা বুঝেছ তা ৩ থেকে ৪টি বাক্যে বিরামচিহ্ন লাগিয়ে লেখো।



.....

.....

.....

.....

.....

.....

.....

- পাঠের উপর ভিত্তি করে প্রশ্নগুলির উত্তর লেখো।



১) স্বাধীনতা দিবস কবে পালন করা হয়?

.....

.....

২) স্বাধীনতা দিবসে বিদ্যালয়ে আমরা কী কী করি?

.....

.....

৩) আমাদের দেশের নাম কি?

.....

.....

৪) আমাদের দেশ ১৫ই আগস্ট ১৯৪৭ সালে কাদের শাসন থেকে মুক্তি পায়?

.....

.....

- তোমার মায়ের শরীর খারাপ হলে তুমি কি করবে, নিজের ভাষায় লেখো।



.....

.....

.....

.....

- ছবিটির পর্যবেক্ষণ করে প্রসঙ্গটি নিজের ভাষায় লেখো।



.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

পাঠন পরামর্শ : • শিক্ষক শিক্ষার্থীদের দিয়ে বিভিন্ন সংবাদপত্র নাড়াচাড়া করাবেন। • সংবাদপত্রের শিরোনাম লক্ষ্য করে খবর যেন পড়ে সে দিকে লক্ষ্য করবেন।





৬ আমাদের গ্রাম



বন্দেআলী মিঞা



আমাদের ছোটো গাঁয়ে ছোট ছোট ঘর,
থাকি সেথা সবে মিলে নাই কেহ পর।
পাড়ার সকল ছেলে মোরা ভাই ভাই,
একসাথে খেলি আর পাঠশালা যাই।
হিংসা ও মারামারি কভু নাই করি,
পিতামাতা গুরুজনে সদা মোরা ডরি।

আমাদের ছোট গ্রাম মায়ের সমান,
আলো দিয়ে বায়ু দিয়ে বাঁচাইছে প্রাণ।
মাঠভরা ধান আর জল ভরা দিঘি,
চাঁদের কিরণ লেগে করে ঝিকিমিকি।
আমগাছ জামগাছ বাঁশঝাড় যেন,
মিলে মিশে আছে ওরা আত্মীয় হেন।
সকালে সোনার রবি পূব দিকে ওঠে,
পাখি ডাকে বায়ু বয় নানা ফুল ফোটে।

পাঠন পরামর্শ : • কবিতাটি উপযুক্ত ভাব ও অঙ্গভঙ্গি, লয় ও তালসহ আবৃত্তি করাবেন। • এক-এক বা দুই-দুই পঙক্তি করে সম্পূর্ণ কবিতাটি আবৃত্তি করাবেন। • ছবিটিতে কী-কী দেখা যায় তা নিজের ভাষায় বর্ণনা করতে বলবেন। • শিক্ষার্থী কবিতাটি লয় ও তালসহ আবৃত্তি করে কি না, এটা যাচাই সূচীর মাধ্যমে যাচাই করবেন। • প্রস্তুত পাঠেরসঙ্গে সন্ত গাভগে বাবা, ছত্রপতি শিবাজী মহারাজ, স্বামী বিবেকানন্দ, ভারতরত্ন ডা. বাবাসাহেব আম্বেডকর, রাষ্ট্রসন্ত তুকড়োজী মহারাজ এবং বাবা আমটে ইত্যাদি মহান পুরুষদের জীবনী কার্য ইত্যাদির তথ্য শিক্ষার্থীদের দেবেন।

- শোনো ও সঠিক বিরামচিহ্ন লাগিয়ে লেখো।



১) _____
২) _____

- কবিতায় ব্যবহৃত অপরিচিত শব্দ খোঁজ করে লেখো।



১) _____ ২) _____ ৩) _____
৪) _____ ৫) _____ ৬) _____

- নীচে দেওয়া শব্দগুলির অর্থ কবিতা থেকে খোঁজ করে লেখো।



১) গ্রাম = _____ ২) ভয় = _____
৩) সূর্য = _____ ৪) পূর্ব = _____

- ভিন্নার্থক শব্দ লিখে তা দিয়ে বাক্য তৈরী করে লেখো।



১) পর = _____ : _____
পর = _____ : _____
২) সবে = _____ : _____
সবে = _____ : _____

- শব্দের অন্তিম ধ্বনি দিয়ে নতুন শব্দ মালিকা তৈরী করো।



১) ধান → _____ → _____ → _____
২) গাছ → _____ → _____ → _____

পাঠন পরামর্শ : • আলাদা-আলাদা বিরামচিহ্নযুক্ত বাক্যের শ্রুতিলেখন করাবেন।

- কবিতা থেকে ছন্দবদ্ধ শব্দগুলি খোঁজ করে লেখো এবং পড়ো।



যেমন : ঘর-পর

- ১) ২)
৩) ৪)

- নীচে দেওয়া শব্দে সঠিক উপসর্গ লাগিয়ে শব্দগুলি পুনরায় লেখো।



যেমন : আদর : অনাদর (অন + আদর)

- ১) চেতন : ২) গুণ :
৩) যশ : ৪) বিদ্যা :

- নীচের প্রশ্নগুলির উত্তর লেখো।



১) গ্রামের ঘরগুলি কেমন ?

.....
.....

২) পাড়ার সকল ছেলেরা এক সাথে কোথায় যায় ?

.....
.....

৩) আমাদের ছোট গ্রাম কীসের সমান ?

.....
.....

৪) গ্রাম গাঁয়ে কী-কী গাছ দেখা যায় ?

.....
.....

৫) চাঁদের কিরণ লেগে কি ঝিকিঝিকি করে ?

.....
.....

পাঠন পরামর্শ : ● শিক্ষার্থীদের উপসর্গ ও প্রত্যয় এর পূর্বানুভব দেবেন। যেমন - উপসর্গ কাকে বলে ? প্রত্যয় কাকে বলে ? ● শব্দে উপসর্গ ও প্রত্যয় লাগানোর সাধারণ নিয়মগুলি বলবেন। ● উপরিউক্ত উদাহরণসহ অন্য উদাহরণের অনুশীলন করাবেন।

● নীচের শব্দগুলি পড়ো।



☆ পিতামাতা

☆ ভাইবোন

☆ কাকাকাকি

☆ রাজারানী

☆ ঘরবাড়ি

☆ ছেলেমেয়ে

☆ গাছপালা

☆ ফলফুল



পড়ো ও বোঝো :



লিঙ্গ



যে শব্দ থেকে পুরুষ বোঝায়, তাকে ‘পুরুষলিঙ্গ’ বলে।

যেমন : ছাত্র, ছেলে, বাবা, কাকা, ভাই, সাহেব, রাজা, মালি ইত্যাদি।



যে শব্দ থেকে স্ত্রী বোঝায়, তাকে ‘স্ত্রীলিঙ্গ’ বলে।

যেমন : ছাত্রী, মেয়ে, মা, কাকি, বোন, মেম, রানী, মালিনী ইত্যাদি।



আর যে শব্দ থেকে পুরুষ ও স্ত্রী বোঝায় না তাকে ‘ক্লীবলিঙ্গ’ বলে।

যেমন : গ্রাম, গাছ, পাথর, চেয়ার, চেবিল, মোবাইল, ঘর ইত্যাদি।

● কবিতার দেওয়া চিত্রটি দেখে চারটি সঠিক বাক্য লেখো।



অ)

ব)

ক)

ড)



দেখো, বোঝো ও লেখো :



পুনরাবৃত্তি - ১



১) শব্দ শোনো এবং লেখো।



২) নীচের ছবি দেখে তিন-চারটি বাক্য বলো।



৩) পড়ো, বোঝো ও নির্দেশ অনুযায়ী কৃতি পূর্ণ করো।



বচন	
একবচন	বহুবচন
	ছেলেরা
শিশু	
ফুল	

লিঙ্গ	
পুরুষলিঙ্গ	স্ত্রীলিঙ্গ
বাঘ	
	দেবী
বালক	

৪) নীচের মূল শব্দগুলি সঙ্গে উপসর্গ ও প্রত্যয় যোগ করে নতুন শব্দ বানাও।

উপসর্গ যোগে নতুন শব্দ	মূল শব্দ	প্রত্যয় যোগে নতুন শব্দ
	দেশ	
	পাঠ	
	জ্ঞান	
	ধর্ম	

৫) কৃতি কার্য :



১) প্রার্থনা সভার জন্য সুবিচার সংগ্রহ করে লেখো।

.....

.....

.....

২) জানুয়ারী মাসের বিশেষ দিনের তালিকা তৈরী করো।

.....

.....

.....

৬) নীচে দেওয়া বাক্যগুলি (সুবিচারগুলি) উচ্চস্বরে পঠন করো।



১) “আমাকে শিক্ষিত মাতাপিতা দাও আমি তোমাকে শিক্ষিত জাতি দেবো।”

২) “একজন ঘুমন্ত ব্যক্তি আর একজন ঘুমন্ত ব্যক্তিকে জাগাতে পারে না।”

৭) নীচে দেওয়া দিনগুলি আগস্ট মাসে কোন কোন তারিখে আসছে তা লেখো।



১) সোমবার :

২) বুধবার :

৩) শুক্রবার :

৪) রবিবার :

৮) নীচে দেওয়া প্রসঙ্গে তুমি কী করবে তা বলো।



১) খো-খো খেলতে গিয়ে তোমার বন্ধু/বান্ধবী পড়ে গিয়ে ব্যথা পেলো, তখন তুমি কার সঙ্গে যোগাযোগ করবে? এবং কি উপায় করবে?



বুদ্ধিমান



১

তারা সবাই একসাথে ঝুড়িতে
ঝাঁপিয়ে পড়ল।

জঙ্গলে একদল খরগোশ ঘুরে
বেড়াচ্ছিল।

তারা একটা ঝুড়িতে গাজর দেখতে
পেল।



২

বিদ্যালয়ের টিফিনে গাজরের ঝুড়ি
রাখা হল।

ছাত্রদের এক-একটি গাজর নেওয়ার
কথা ছিল।



৩

সারিতে দাঁড়িয়ে প্রত্যেক ছাত্র পালা
করে একটি করে গাজর তুলে নিল।




৪

পাঠন পরামর্শ : • ছবিটি সুস্পষ্টভাবে পর্যবেক্ষণ করতে বলবেন। • ছবিতে কী কী দেখা যাচ্ছে জিজ্ঞাসা করবেন। • ছবি বর্ণনা নিজের ভাষায় করতে বলবেন। • নতুন নতুন শব্দ ব্যবহার করার জন্য উৎসাহিত করবেন। • পাঠের উপর ভিত্তি করে বিশ্বাস, সহানুভূতিশীল, বিপর্যায়, ধৈর্যশীল ইত্যাদি মূল্যের সংস্কার ঘটাবেন। • বিশেষ চাহিদা সম্পন্ন শিশু(CWSN)দের জন্য অনুপূরক অধ্যাপন পদ্ধতি ব্যবহার করবেন। তারা যে পদ্ধতিতে ব্যক্তি হতে পারে সেই পদ্ধতিতেই ব্যক্তি হওয়ার সুযোগ দেবেন।



৭ পিঁপড়ে ও ফড়িং




১

অনেক দিন আগে এক জঙ্গলে পিঁপড়ে আর এক ফড়িং থাকত। একবার শরৎ ঋতু শেষ হবে এমন সময় পিঁপড়াদের এক পরিবার



২

খাবার, কাঠি আর শুকনো পাতা সংগ্রহ করতে ব্যস্ত ছিল। ফড়িং দূর থেকে দেখছিল যে, পিঁপড়েরা খুব মন দিয়ে কাজ করছে।



৩

ফড়িং তখন পাশে বসে রোদ পোহাচ্ছিল। তার মনে কৌতূহল জাগল। সে পিঁপড়াদের কাছে গিয়ে জিজ্ঞাসা করল, “এত সুন্দর দিনে তোমরা কী করছ?”



৪

একটি পিঁপড়ে উত্তর দিল, “আমরা শীতের জন্য অগ্রিম প্রস্তুতি নিচ্ছি, তোমাকেও কিছু খাবার জমিয়ে রাখা উচিত।”


পাঠন পরামর্শ : • ছবিগুলি পর্যবেক্ষণ করতে বলবেন। • ছবি ও বাক্যের পাঠন করাবেন। • প্রতিটি শিক্ষার্থীকে ছবির পাত্রগুলির নাম জিজ্ঞাসা করবেন। • গল্পের ঘটনার আরম্ভ, মধ্য ও শেষ অংশ সম্পর্কে বলার সুযোগ দেবেন। • ছবি সম্পর্কে সঠিক তথ্য দেয় কি না, এটা যাচাই করবেন। • অন্য ছবিকথা পাঠন করতে বলবেন এবং অপরিচিত শব্দের তালিকা তৈরী করতে বলবেন। • অন্য পোকা-মাকড়ের নাম বলতে বলবেন। • পাঠ অন্তর্গত মূল্য-অনুশাসিত, পরিশ্রমী, যোজনাকার, কর্তব্যনিষ্ঠ ইত্যাদির সংস্কার ঘটাবেন।



পিঁপড়ের কথা শুনে ফড়িং হেসে পড়ল এবং সেখান থেকে চলে গেল। সে সূর্যের কিরণ আর প্রজাপতির পিছনে দৌড়াতে লাগল। পিঁপড়েরা তেমনি তাদের খাবার সংগ্রহ করতে ব্যস্ত রইল এবং এভাবে দিন কাটতে লাগল।



অন্যদিকে ফড়িং অলসতায় দিন কাটাতে লাগল। এক শীতের সকালে ফড়িং ঘুম থেকে উঠল। সে দেখল চারিদিকে সম্পূর্ণ বরফে ঢাকা। সে পোকা মাকড়ের খোঁজে বেরিয়ে পড়ল।



কিন্তু সে কিছুই পেল না। তাকে না খেয়েই দিন কাটাতে হল। এখন সে নিজের ভুল বুঝতে পারল।



এবং বুঝতে পারল যে পিঁপড়েরা ঠিকই বলেছিল।

পাঠন পরামর্শ : • শিক্ষার্থীদের ছবি পর্যবেক্ষণ করতে বলবেন। • পাঠের মূল ধারণাটি ধরে আলোচনা করতে বলবেন এবং ৬ থেকে ৮টি বাক্য বলতে বলবেন। • গল্পের আরম্ভ, মধ্য ও শেষ বলতে বলবেন। • পাঠে শব্দ সমূহের জন্য একটি শব্দ নিয়ে চর্চা ও উদাহরণ দিয়ে বুঝিয়ে দেবেন।



৮

বিষ্টি পড়ে টাপুর টুপুর



রবীন্দ্রনাথ ঠাকুর

দিনের আলো নিবে এল,
সূর্য ডোবে ডোবে।
আকাশ ঘিরে মেঘ জুটেছে
চাঁদের লোভে লোভে।

মেঘের উপর মেঘ করেছে-
রঙের উপর রঙ।
মন্দিরেতে কাঁসের ঘন্টা
বাজল ঠঙ ঠঙ।

ও পারেতে বিষ্টি এল,
ঝাপসা গাছপালা।
এ পারেতে মেঘের মাথায়
একশো মানিক জ্বালা!

বাদলা হাওয়ায় মনে পড়ে
ছেলে বেলার গান-
“বিষ্টি পড়ে টাপুর টুপুর,
নদে এল বান!”



পাঠন পরামর্শ : • শিক্ষার্থীদের উপযুক্ত ভাব ও অঙ্গভঙ্গি, লয় ও তালসহ কণ্ঠস্বরে প্রতিটি পঙক্তি আবৃত্তি করাবেন।
• ছবিতে কী-কী দেখা যায় তা নিজের ভাষায় বর্ণনা করতে বলবেন। • অন্য শিশুসাহিত্য থেকে এই ধরনের কবিতা পড়তে বলবেন এবং অপরিচিত শব্দের তালিকা তৈরী করতে বলবেন।

- কবিতা থেকে ছন্দবদ্ধ শব্দের জোড়া বলো।



যেমন : ডোবে- লোভে

- নীচের শব্দগুলির অর্থ শব্দঝুড়ি থেকে বেছে লেখো।



- | | |
|-------------------|------------------|
| ১) সূর্য - | ২) ঝাপসা - |
| ৩) বৃষ্টি - | ৪) বাদলা - |
| ৫) বান - | ৬) মানিক - |

- বামপাশের শব্দের সঠিক সমার্থক শব্দ ডান পাশের লাইনে খুঁজে গোল করো।



- | | | | | | |
|---------|---|------|-------|--------|--------|
| ১) আলো | : | বাতি | সূর্য | প্রকাশ | কুঠি |
| ২) আকাশ | : | গগন | ফরসা | উঠান | দীপ্তি |
| ৩) বান | : | চির | বন্যা | বান্দ | নভ |

- নীচে দেওয়া শব্দের পাশে আর একটি শব্দ লিখে সমূহবাচক শব্দ তৈরী করো।



যেমন : গাছ - পালা

- | | | |
|---------------|----------------|-----------------|
| ১) ফল - | ২) ঘর - | ৩) সুখ - |
| ৪) আশে- | ৫) বাবা- | ৬) খাতা - |

● এক বাক্যে উত্তর দাও।



- ১) দিনের আলো কখন নিবে এলো ?
- ২) আকাশ ঘিরে কি জুটেছে ?
- ৩) মন্দিরেতে কি বাজলো ?
- ৪) ছেলেবেলার গান কখন মনে পড়ে ?

● শব্দ শোনো ও লেখো।



- ১) _____ ২) _____ ৩) _____ ৪) _____

● নীচের শব্দগুলির বহুবচন লেখো।



- ১) ছেলে - _____ ২) দিন - _____ ৩) আমি - _____
- ৪) সে - _____ ৫) বাড়ি - _____ ৬) বই - _____

● শব্দের অন্তিম ধ্বনি দিয়ে নতুন শব্দ মালিকা তৈরী করো।



যেমন : বাগিচা → চামচ → চরখা → খাবার → রথ

- ১) প্রদীপ → _____ → _____ → _____ → _____
- ২) সবে → _____ → _____ → _____ → _____
- ৩) আলোক → _____ → _____ → _____ → _____
- ৪) ভাত → _____ → _____ → _____ → _____

- নীচের শব্দগুলির সঠিক বিপরীত শব্দের নীচে দাগ দাও।



১)	কঠিন	X	কষ্ট	/	সহজ	/	পাকা
২)	পুরানো	X	দুর্বল	/	খালি	/	নতুন
৩)	সকাল	X	বিকাল	/	দুপুর	/	ভোর
৪)	আকাশ	X	মাটি	/	হাওয়া	/	পাতাল

- কবিতার ছবিটিতে যা-যা দেখা যাচ্ছে সে সম্পর্কে ৫ থেকে ৬টি লাইনে লেখো।



.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

- এই কবিতা থেকে তুমি কী বুঝলে তোমার নিজের ভাষায় প্রকাশ করো।



.....

.....

.....

.....

- একটি অপরিচিত অনুচ্ছেদ খুঁজে লেখো এবং তা পড়ো।



.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

পাঠন পরামর্শ : ● শিক্ষক নিয়মিত বিদ্যালয়ের গ্রন্থাগারে শিক্ষার্থীদের পরিদর্শন করাবেন। ● বিভিন্ন তথ্য সংগ্রহ ও বই ধার নিয়ে বই পড়ার জন্য উৎসাহিত করবেন। ● পছন্দের বইটির মুখপৃষ্ঠ, মলপৃষ্ঠ ও শিরোনাম লিখে বিষয়বস্তু সম্পর্কে বলতে বলবেন।



পোলা উৎসব মহারাষ্ট্র ও মধ্যপ্রদেশের কৃষিপ্রধান অঞ্চলগুলিতে পালিত একটি গুরুত্বপূর্ণ কৃষি উৎসব। এটি মূলত গবাদি পশু, বিশেষ করে হালিয়া গরুর সম্মান ও কৃতজ্ঞতা জানানোর জন্য পালন করা হয়। কৃষকের জীবনে হালিয়া গরু অতি গুরুত্বপূর্ণ সঙ্গী। তারা ক্ষেত চাষে, হাল টানতে ও বোঝা বহন করতে সাহায্য করে।



পোলা সাধারণত ভাদ্র মাসে, গণেশ চতুর্থীর কিছুদিন আগে অমাবস্যা তিথিতে পালিত হয়। এই সময় ফসল কাটার আগে মাঠে হালচাষ শেষ হয়, তাই হালিয়া গরুগুলিকে বিশ্রাম দেওয়া হয় এবং তাদের স্নান করিয়ে সাজিয়ে গুছিয়ে পূজো করা হয়।



হালিয়া গরু সাজানো : পোলার দিনে কৃষকেরা তাদের হালিয়া গরুগুলিকে স্নান করিয়ে পরিষ্কার করে। তাদের শিং এ তেল মেখে রঙ লাগায়। গলায় ঘণ্টা, ফুলমালা ও নানা রঙের কাপড় পরায়।

পূজা ও আরতি : হালিয়া গরুর পূজা করা হয়। হাল, জোয়াল, গরুর গাড়ির ও পূজা করা হয়, কারণ এগুলি কৃষিকাজের অঙ্গ।

রথ মিছিল : ছোট ছেলে-মেয়েরা কাঠের বা মাটির হালিয়া গরু সহ, গাড়ি বা রথ নিয়ে খেলা করে এবং গ্রামের মধ্যে মিছিল হয়।

উৎসব : অনেক গান-বাজনা ও নৃত্যের মাধ্যমে আনন্দ উদ্‌যাপন করা হয়। বাড়িতে নানা রকম মিষ্টি ও বিশেষ খাবার তৈরী হয়।

পোলা উৎসব আমাদের শেখায় যে মানুষ ও প্রকৃতির মধ্যে এক অটুট সম্পর্ক আছে। যেমন – কৃষকের পরিশ্রমে ফসল ফলে, তেমনি পশুদের শ্রমও সমান গুরুত্বপূর্ণ। তাই এদের যত্ন নেওয়া ও সম্মান করা আমাদের কর্তব্য।

পাঠন পরামর্শ : • শিক্ষার্থীদের ছবিটি পর্যবেক্ষণ করতে বলবেন। • ছবিতে কী-কী দেখা যায় সে সম্পর্কে ছোট-ছোট প্রশ্ন জিজ্ঞাসা করবেন। • প্রতিটি শিক্ষার্থীকে সরব পঠন করার সুযোগ দেবেন। • পোলা উৎসব সম্পর্কে তথ্য দেবেন। • পশুদের প্রতি প্রেম ও যত্ন সম্পর্কে মানুষের কর্তব্য বুঝিয়ে বলবেন। • এই পাঠে সমাহিত মূল্য মানসিক, শারীরিক স্বাস্থ্য, পর্যাবরণ অনুকূল, সময়নিষ্ঠ, ভারতীয় সংস্কৃতি, ইতিহাস এবং রাষ্ট্রভক্তি ও আধ্যাত্মিক ইত্যাদি সংস্কার সাধন করাবেন। • পাঠের ছবি দেখে বাস্তব জীবনের অভিজ্ঞতার সাথে মিলিয়ে বর্ণনা করতে বলবেন। • প্রতি বিদ্যার্থীকে পোলা উৎসবে অংশগ্রহণ করার সুযোগ করে দেবেন।

- নীচের শব্দগুলির অর্থ অভিধান থেকে খোঁজ করে লেখো।



শব্দ	অর্থ	শব্দ	অর্থ
অঞ্চল		গুরুত্ব	
গুছিয়ে		জোয়াল	

- সঠিক উত্তরটির সামনে ✓ এই চিহ্ন দাও।



১) পোলা উৎসব প্রধানত কোন রাজ্যে পালিত হয় ?

- ☐ পশ্চিমবঙ্গ
 ☐ মহারাষ্ট্র
 ☐ বিহার
 ☐ তামিলনাড়ু

২) কৃষকদের সবচেয়ে বড় সহায়ক কারা ?

- ☐ হাতি
 ☐ কুকুর ও ছাগল
 ☐ গাভি ও হালিয়া গরু
 ☐ ঘোড়া

৩) গণেশ চতুর্থীর আগে পোলা উৎসব কবে পালিত হয়।

- ☐ একাদশীর দিনে
 ☐ অষ্টমীর দিনে
 ☐ চতুর্দশীর দিনে
 ☐ অমাবস্যা তিথিতে

- এক বাক্যে উত্তর বলো।



১) কোন মাসে পোলা উৎসব পালিত হয় ?

২) কৃষকের গুরুত্বপূর্ণ সঙ্গী কে ?

৩) পোলা উৎসবের দিনে কিসের মিছিল বের করা হয় ?

৪) উৎসবের দিনে কেমন ধরনের খাবার তৈরী করা হয় ?

- নীচের ঘটনাগুলি সঠিক ক্রমে সাজিয়ে লেখো।



পূজা ও আরতি

হালিয়া গরু সাজানো

গ্রামীণ উৎসব ও গান বাজনা

রথ মিছিল

- নীচের ছবিটি পর্যবেক্ষণ করে ছবি সম্পর্কে ৫ থেকে ৬টি বাক্য বলো।



- উপরের ছবিটির উপর ভিত্তি করে ৩ থেকে ৪টি প্রশ্ন তৈরী করো।



প্রশ্ন: ১)

২)

৩)

৪)

- তোমার বিদ্যালয়ে পালন করা হয় এমন ৪টি অনুষ্ঠানের নাম লেখো।



- যে কোন একটি সংবাদপত্র নাড়াচাড়া করো, ছবি দেখো, ছবির বর্ণনা নিজের ভাষায় বলো।



দেখো, পড়ো ও বোঝো :



১০

বাণী



“যে ব্যক্তি কোন স্বার্থ ছাড়াই অন্যের জন্য কাজ করেন, ঈশ্বর তাঁর সর্বদাই মঙ্গল করে থাকেন।”

- শ্রী রামকৃষ্ণ পরমহংসদেব

“সমাজে পুরুষ পাবে যেই অধিকার।
নারীও পাইবে তাহা করিলে বিচার।”

- শ্রী শ্রী ঠাকুর হরিচাঁদ




“ধর্মের মূলমন্ত্র হলো সত্য, সরলতা, প্রেম ও পবিত্রতা।”

- শ্রী শ্রী সত্যানন্দ পরমহংসদেব

“যতো গুপ্ত, ততো পোক্ত
যতো ব্যক্ত, ততো ত্যক্ত।”

- বাবা লোকনাথ



“অন্যকে বড়ো করবি যত, ততই বড়ো হবি তুই,
বড় হবার একটি পথ, একটি ছাড়া নয়কো দুই।”


- শ্রী শ্রী ঠাকুর অনুকূলচন্দ্র

পাঠন পরামর্শ : • সন্তদের ছবি পর্যবেক্ষণ করতে বলবেন। • সন্তদের পরিচয় করাবেন এবং তাদের বাণীগুলি নিয়ে চর্চা করবেন। • বাণীগুলির সরলার্থ বুঝিয়ে বলবেন। • বাণীর অন্তর্ভুক্ত কঠিন শব্দগুলির অর্থ খোঁজ করার জন্য সাহায্য করবেন। • লেখা সাহিত্য পড়ার জন্য প্রোৎসাহিত করবেন এবং তার অন্তর্ভুক্ত ঐতিহ্যবাহী শব্দের তালিকাভুক্ত করে অর্থ খুঁজতে সাহায্য করবেন। • প্রস্তুত পাঠ থেকে সুবিচার খোঁজ করতে বলবেন। • সঙ্গে সঙ্গে সন্ত গাভগে বাবা, সন্ত একনাথ, সন্ত রবিদাস, গুরু নানক, ইত্যাদি সন্তদের সম্পর্কে তথ্য এবং তাঁদের বাণীর পরিচয় শিক্ষার্থীদের বুঝিয়ে দেবেন।





- মা** : আহা! সকাল থেকে টিভি আর মোবাইল, বই খাতা কই?
- বাবা** : আমি তো জানি আজকে ওরা মাঠে খেলতে যাবে না। দুজনেই যন্ত্রের দুনিয়ায় আটকে আছে।
- আকাশ** : বাবা, একটু দাঁড়াও না! আমাকে কার্টুন দেখতে দাও।
- হিনা** : মা! আমি তো লেভেল পার করতে যাচ্ছি, এখন যদি ছেড়ে দিই আবার প্রথম থেকে শুরু করতে হবে।
- মা** : পড়াশোনা কি শুধু পরীক্ষার আগে হবে? চোখের জ্যোতি যাবে, মাথা ব্যথা করবে, কিছুই শুনছো না।
- বাবা** : এভাবে চলতে থাকলে ভবিষ্যতে বড় সমস্যা হবে।
- টিভি** : বাবা-মা আমায় এত দোষ কেন দেন? আমি তো শুধু আপনাদের বিনোদন দিই না; খবর, বিজ্ঞান, অনুষ্ঠান, শিক্ষামূলক গল্পও দেখাই।
- মা** : ওমা! টিভি কথা বলছে যে।
- টিভি** : তোমরা যদি শুধু কার্টুন আর সিরিয়াল দেখো আমি কী করব বল? আমার ভিতরে কত চ্যানেল আছে; ডিস্কভারি, ন্যাশনাল জিওগ্রাফিক, শিক্ষার অনুষ্ঠান, খবর, গান, তোমাদের পাঠ্যপুস্তকের পাঠ কোনোটাই তো চালাও না।
- বাবা** : সত্যিই তো, দোষ আসলে ব্যবহারের।
- মোবাইল** : সবাই শুধু আমাকেই দোষ দেয়। অথচ আমি কত কাজে আসতে পারি। যেমন : বইপড়া, পড়াশোনার ভিডিও দেখা, এআই (AI) দ্বারা সমস্যা নিরাকরণ করা যা চাও তাই।



- হিনা** : সত্যি আমি শুধু মোবাইল খেলি আর ভিডিও দেখি, আসলে অন্য কিছু চেষ্টা করি না।
- মা** : তাই পড়াশোনা, খেলাধুলা, টি ভি, মোবাইল-সব কিছুর জন্য সময় আলাদা করতে হবে।
- আকাশ** : ঠিক মা! আজ থেকে আমি প্রথমে হোমওয়ার্ক করব।
- হিনা** : আমিও প্রতিদিন মোবাইলে কিছু শেখার চেষ্টা করব – ড্রইং, কবিতা, গান শোনার অ্যাপ ব্যবহার করব।
- টিভি** : এটাই তো চাই!
- মোবাইল** : এখন থেকে আমি তোমাদের বন্ধু।
- সকলে মিলে** : টিভি আর মোবাইল খারাপ নয়, সঠিক ব্যবহারে তারা বন্ধু হয়।

পাঠন পরামর্শ : • শিক্ষার্থীদের আলাদা-আলাদা চরিত্রের সংলাপ দিয়ে নাটক অভিনয় করে নেবেন এবং পাঠশালার বিভিন্ন অনুষ্ঠানে উপস্থাপন করবেন। • এই ধরনের ছোট-ছোট নাটকের বই পড়ার সুযোগ করে দেবেন। • প্রদত্ত নাটকের সম্পূর্ণ ঘটনা কোথায়, কার সাথে সংবাদ হয়েছে সে সম্পর্কে বলতে বলবেন। • সংলাপের সারসংক্ষেপ ও থেকে ৪টি বাক্য বলতে বলবেন। • পাঠের অন্তর্ভুক্ত সুবিচার ও প্রবাদ বাক্যগুলি অনুলেখন করতে বলবেন।

- সঠিক উত্তরটির সামনের গোলে রঙ করো।



১) আহা! সকাল থেকে টিভি আর মোবাইল, বই খাতা কই? কে বলল?

☐ বাবা ☐ টি ভি ☐ মা ☐ মোবাইল

২) মা! আমি তো লেভেল পার করতে যাচ্ছি।

☐ বাবা ☐ হিনা ☐ টিভি ☐ আকাশ

৩) সত্যিই তো, দোষ আসলে ব্যবহারের। কে বলল?

☐ মা ☐ আকাশ ☐ বাবা ☐ হিনা

- অভিধান ব্যবহার করে বিভিন্নার্থক শব্দ খুঁজে লেখো।



শব্দ	বিভিন্নার্থক শব্দ
পরিশ্রম	
চেষ্টা	

শব্দ	বিভিন্নার্থক শব্দ
নিয়ম	
সাহায্য	

- নীচের বাক্যগুলি সঠিক ভাবে পূর্ণ বাক্যে বানাও।



১) আমি তো জানি আজকে ওরা

২) সবাই শুধু আমাকেই

৩) আজ থেকে আমি প্রথমে

- নীচের কথাগুলো ঠিক কিংবা ভুল লেখো।



১) বেশি মোবাইল দেখা ভালো।

☐

২) খেলাধুলা শরীরের পক্ষে ভালো।

☐

৩) টিভি নিকটে বসে দেখতে নেই।

☐

- সঠিক শব্দের সাথে জোড়া মেলাও ও বাক্য তৈরী করো।



‘অ’ সমূহ

‘ব’ সমূহ

মা

বিনোদন দেয়

টি ভি

কাটুন দেখে

হিনা

রাগ করেন

আকাশ

গেম খেলে

- নীচের ঘটনাগুলি ক্রমাগত লেখো।



সকলে মোবাইলকে দোষ দেয়।

ওরা মাঠে খেলতে যাবে না।

সঠিক ব্যবহারে তারা বন্ধু হয়।

সকাল থেকে টিভি আর মোবাইল।

- পড়ো ও পাঠ্যের বিষয়বস্তু তোমার ভাষায় বলো।



আমি সমুদ্র। আমি অনেক বড় আর গভীর। বাইরে থেকে আমাকে শুধু নীল জল মনে হয়, কিন্তু আমার ভেতরে লুকিয়ে আছে হাজার হাজার রকম রহস্য। অনেক অনেক বছর আগে আমার জন্ম। তখন থেকেই আমি পৃথিবীর বড় একটা অংশ জুড়ে আছি। আমার বুকে আছে নানা রকম মাছ, শামুক, এমনকি বিশাল তিমিও। ওরাই আমার পরিবার।

আমি যখন শান্ত থাকি, তখন মানুষ আমার ধারে এসে ঘুরতে ভালোবাসে। তোমরা ঢেউয়ের সাথে খেলতে মজা পাও। জেলেরা আমার জলে নৌকা নামিয়ে মাছ ধরে। সূর্য ডুবে গেলে আমার জল লাল-সোনালি হয়ে খুব সুন্দর লাগে। কিন্তু আমি সব সময় শান্ত থাকি না। ঝড় উঠলে আমার ঢেউ খুব উঁচু হয়ে যায়। তখন উপকূলে ভয় লাগে সবার। তবু আমি খারাপ নই। মানুষ যদি আমাকে নোংরা না করে, প্লাস্টিক না ফেলে, তাহলে আমি সবার উপকারই করি।

পাঠন পরামর্শ : ● ‘সমুদ্রের কাহিনী’ এ বিষয়ে শিক্ষার্থীদের নিজের ভাষায় বর্ণনা করাবেন এবং লিখতে দেবেন।
● এই অনুচ্ছেদে আগে প্রবাদ বাক্য খোঁজ করে লিখতে বলবেন। ● লাইব্রেরী থেকে অন্য আত্মজীবনী বই পড়ার সুযোগ দেবেন। ● অনুচ্ছেদের গুরুত্বপূর্ণ শব্দগুলিকে অধোঃরেখিত করতে বলবেন এবং অনুচ্ছেদের বিষয়বস্তু ১-২ বাক্যে বলতে বলবেন।



১২ আদর্শ ছেলে



কুসুমকুমারী দাশ



আমাদের দেশে হবে সেই ছেলে কবে ?

কথায় না বড় হয়ে কাজে বড় হবে,
মুখে হাসি, বুকে বল, তেজে ভরা মন
‘মানুষ হইতে হবে’ – এই যার পণ।

বিপদ আসিলে কাছে, হও আগুয়ান,

নাই কি শরীরে তব রক্ত, মাংস, প্রাণ ?
হাত, পা সবারই আছে, মিছে কেন ভয়,
চেতনা রয়েছে যার, সে কি পড়ে রয় ?

সে ছেলে কে চায় বলো ? কথায়-কথায়
আসে যার চোখে জল, মাথা ঘুরে যায়।

হাতে প্রাণে খাটো সবে, শক্তি করো দান
তোমরা মানুষ হলে দেশের কল্যাণ।

(সংক্ষেপিত)

পাঠন পরামর্শ : • কবিতাটি উপযুক্ত ভাব ও অঙ্গভঙ্গি, লয় ও তালসহ আবৃত্তি করাবেন। • এক এক বা দুই-দুই পঙ্ক্তি করে সম্পূর্ণ কবিতাটি আবৃত্তি করাবেন। • ছবিটিতে পর্যবেক্ষণ করে নিজের ভাষায় বর্ণনা করতে বলবেন। • শিক্ষার্থীরা কবিতাটি লয় ও তালসহ আবৃত্তি করে কি না, এটা যাচাই সূচীর মাধ্যমে যাচাই করবেন। • কবিতা অনুযায়ী শ্রুতিলেখন করাবেন। • শিক্ষক শিক্ষার্থীদের দিয়ে বিভিন্ন সংবাদপত্র নাড়াচাড়া করাবেন, সংবাদপত্রের শিরোনাম লক্ষ্য করে খবর পড়াবেন। • অন্য শিশুসাহিত্য থেকে কবিতা পড়তে বলবেন।

- কবিতা থেকে মিলযুক্ত শব্দের জোড়া খুঁজে লেখো।



যেমন : মন-পণ

- ১) ২)
৩) ৪)

- নীচের শব্দ সমূহের জন্য একটি শব্দ খুঁজে বলো ও লেখো।



- ১) যে গান গায় - ২) যে শোনে -
৩) যে রান্না করে - ৪) যে পথ চলে -

- সমার্থক শব্দের জোড়া লাগাও।



‘অ’ সমূহ

বল
পণ
চেতনা
কল্যাণ
প্রাণ

‘ব’ সমূহ

জীবন
জ্ঞান
মঙ্গল
প্রতিজ্ঞা
শক্তি

- যুগ্ম শব্দের জন্য যোগ্য অন্য একটি শব্দ খোঁজ করে লেখো।



যেমন : ছোট্টা - ছুটি

- ♦ আসা - ♦ লেখা - ♦ খাওয়া -
♦ পাশা - ♦ লতা - ♦ মিলে -

- শোনো ও সঠিক বিরামচিহ্ন লাগিয়ে লেখো।



- এক বাক্যে উত্তর লেখো।



১) আমাদের দেশের ছেলেরা কীসে বড় হবে?

২) ছেলেরা কী পণ করবে?

৩) কে পড়ে থাকে না?

৪) কেমন ছেলেকে কেউ চায় না?

৫) ছেলেদের কি ভাবে খাটতে হবে?

- নীচে দেওয়া শব্দগুলির একবচন লেখো।



১) ছেলেরা -

২) বইগুলি -

৩) বন্ধুরা -

৪) শিক্ষকবৃন্দ -

- নীচের শব্দগুলির সঠিক বিপরীত শব্দের নীচে দাগ দাও।



১) অধম	X	মধ্যম	/	উত্তম	/	সেরা	/	অনর্থ
২) আয়	X	ব্যয়	/	আসা	/	আপন	/	উচ্চ
৩) শুরু	X	আরম্ভ	/	শেষ	/	পিছে	/	ভয়
৪) গরম	X	শান্ত	/	তরল	/	নরম	/	ঠাণ্ডা

- নীচের বিষয়সূত্র অনুসারে বক্তৃতা দাও। 
- ◆ আদর্শ ছেলের গুণ
- প্রদত্ত শব্দগুলি সরব পঠন করো। 
- ◆ অনল ◆ কমল ◆ পালিত
- “দেশসেবা করা আমাদের কর্তব্য।” এবিষয়ে তোমার নিজের মত প্রকাশ করো। 
- নীচের প্রমাণিত শব্দগুলিকে উপভাষায় লেখো। 
- ১) ছেলে - ২) মিষ্টি -
- ৩) আমি - ৪) রান্না -
- নীচের উপভাষার শব্দগুলিকে প্রমাণিত ভাষায় লেখো। 
- ১) দ্যাশ - ২) টাহা -
- ৩) গতর - ৪) বেনুন -
- এলোমেলো শব্দগুলি সঠিকভাবে সাজিয়ে বাক্য তৈরী করো। 
- ◆ করা হালিয়া গরুর পূজা হয়।
.....
.....
- নীচের বাক্যে বন্ধনীর ক্রিয়াটির সঠিক রূপ ব্যবহার করে লেখো। 
- ◆ ছোট ছেলে মেয়েরা হালের গরুর রথ নিয়ে খেলা। (করা)
.....
.....



১) লাইব্রেরী থেকে তোমার পছন্দের একটি বই নাও। ওই বইয়ের উপর ভিত্তি করে নীচের কৃতি পূর্ণ করো।



বইয়ের নাম :



লেখক / কবির নাম :



মলপৃষ্ঠের ছবির নাম :



মুখপৃষ্ঠের ছবির নাম :



এই বইটির বিষয়ে ২টি বাক্য :

২) নীচের অপূর্ণ সংলাপটি পূর্ণ করো।



শিক্ষক : শুভ সকাল।

ছাত্রছাত্রী :

শিক্ষক :

ছাত্রছাত্রী :

৩) নীচে দেওয়া তালিকা পূর্ণ করো।



বিদ্যালয়ের প্রার্থনা

তারিখ

/ /

বার

বিশেষদিন

বার্তা

গীত

সুবিচার

৪) নীচের যুক্তবর্ণসহ শব্দগুলি উচ্চস্বরে পড়ো।



✱ যন্ত্র

✱ কার্টুন

✱ পরীক্ষা

✱ জ্যোতি

✱ ব্যামা

✱ সমস্যা

✱ অনুষ্ঠান

✱ বিজ্ঞান

✱ ব্যবহার

✱ চেষ্টা

✱ ন্যাশনাল

✱ চ্যানেল

৫) নীচের ছবিগুলির সাথে মিল খায় এমন বাক্যটি লেখো।



৬) নীচের বাক্যে বিশেষ্য এবং সর্বনাম পদের নীচে দাগ দাও।



“মমতা ভালো মেয়ে। সে প্রতিদিন বিদ্যালয়ে যায়।”

৭) নীচে দেওয়া প্রমাণিত শব্দগুলি প্রচলিত ভাষায় লেখো।



শব্দ	প্রচলিত ভাষা
কৃষক	
শ্রমিক	

শব্দ	প্রচলিত ভাষা
উৎপাদন	
প্রতিবেশী	

• নীচের বিষয়ে বক্তৃতা দাও।



১) বৃক্ষ আমাদের বন্ধু

২) দুর্গাপূজা

৩) পর্যাবরণ সংরক্ষণ

• ছবিগুলির নীচে সঠিক শব্দ লেখো।



৮) উপযুক্ত সহজ বিরামচিহ্ন লাগিয়ে কবিতার এক স্তবক অনুলেখন করো।





শিল্পকর্ম



পাঠন পরামর্শ : • ছবিটির পর্যবেক্ষণ করানোর জন্য শিক্ষার্থীদের দুটি সমূহ তৈরী করবেন। • একটি সমূহকে প্রশ্ন জিজ্ঞাসা করতে বলবেন ও দ্বিতীয় সমূহকে উত্তর দিতে বলবেন। • ছবিটির উপর ভিত্তি করে অর্থপূর্ণ শব্দের দ্বারা ৫-৬টি সঠিক বাক্য মুখে বলতে এবং লিখতে বলবেন। • মাটির খেলনা, বাঁশের ঝাড়ি যেখানে তৈরী হয় সেখানে নিয়ে গিয়ে কারিগরদের কার্য দেখাবেন। • মাটির খেলনা, পশুপাখি বানানোর কৃতি করাবেন।



দেখো, চর্চা করো ও লেখো :



১৩ বিদ্যালয়ের গ্রন্থাগার



পাঠন পরামর্শ : • শিক্ষার্থীদের ছবি পর্যবেক্ষণ করতে বলবেন। • বিদ্যালয়ের গ্রন্থাগার সম্বন্ধে পাঁচ-ছয়টি বাক্য লিখতে বলবেন, গ্রন্থাগারের নিয়ম সম্পর্কে দলগত ভাবে চর্চা করাবেন। • গ্রন্থাগারে গিয়ে ছোট গল্পের বইয়ের তথ্য বুঝে নিজস্ব রুচি অনুযায়ী লেখক, মুখপৃষ্ঠ, মলপৃষ্ঠ এবং তার সম্বন্ধে চর্চা করার জন্য শিক্ষার্থীদের সূচনা দেবেন। • ছবিটিরতে কোন-কোন নতুন শব্দ এসেছে প্রত্যেক শিক্ষার্থীকে সেগুলি বলতে, লিখতে এবং তালিকা বানাতে বলবেন।



সার্বজনিক গ্রন্থাগার



পাঠন পরামর্শ : • পরিবেশের যে কোনো একটি গ্রন্থাগারে শিক্ষার্থীদের নিয়ে গিয়ে পুস্তকগুলির শ্রেণী বিভাগ দেখাবেন। • গ্রন্থাগারের সূচনা ফলকটি পড়তে বলবেন। • বইয়ের বিষয় ও শ্রেণী বিভাগ অনুযায়ী তথ্য বুঝিয়ে বলবেন। • শিক্ষার্থীদের দুটি সমূহ তৈরী করে গ্রন্থাগারে গ্রন্থপালের সাথে সাক্ষাৎকারের জন্য প্রশ্নের তালিকা তৈরী করতে বলবেন। • সাক্ষাৎকার দ্বারা তথ্য প্রাপ্ত করতে বলবেন। • প্রতি মাসে একদিন গ্রন্থালয়ের দেখা-শোনা সাহায্য করার জন্য অনুপ্রেরিত করবেন। • ছবির নতুন শব্দ সম্পর্কে দলগত চর্চা করে নেবেন। • প্রসঙ্গ অনুসারে নতুন শব্দের ব্যবহার করতে বলবেন। • প্রত্যেক শিক্ষার্থীকে নতুন শব্দের তালিকা বানাতে ও পড়তে বলবেন।



উৎসব এলো ঘরে ঘরে,
 আনন্দে মন গেলো ভরে।
 ক্রিসমাস—দীপাবলি পর্ব মিলে,
 আঁধার মিটে আলো জ্বলে।
 বিজয়ায়—ঈদে গলাগলি,
 বৈরিভাব দূরে ফেলি।
 বৈশাখী, দোল—ওনম—হোলি,
 মন মাতানো নানা বুলি।
 ছোটরা পায় আশিষ দান,
 সকলে গায় খুশির গান।
 উৎসব পর্বে রঙিন সাজ,
 নতুন পোশাক আতশবাজ।
 প্রতি বাড়ি রান্না ঘরে,
 মন্ডা মিঠাই থরে থরে।



পাঠন পরামর্শ : • কবিতাটি সুরতালে গেয়ে শোনাবেন এবং শিক্ষার্থীদের সুরতালে একে একে কৃতি করার সুযোগ করে দেবেন। • ছবিতে কি-কি দেখা যাচ্ছে শিক্ষার্থীদের কাছে জিজ্ঞাসা করবেন। • শব্দ বাক্যের শ্রুতিলেখন করাবেন। • কবিতার অপরিচিত শব্দের একাধিক বিকল্প বুঝিয়ে শিক্ষার্থীদের বলার সুযোগ দেবেন। • অন্য শিশুসাহিত্য পড়ার সুযোগ করে দেবেন। • পাঠের ছবির উৎসবের বিভিন্ন ঘটনা ও প্রসঙ্গের বর্ণনা শিক্ষার্থী যাতে করে তার সুযোগ করে দেবেন।

- নীচে দেওয়া শব্দের সামনে ঝুড়ি থেকে উচিত সমার্থক শব্দ নিয়ে লেখো।



- ১) উৎসব=
- ২) আলো=
- ৩) আঁধার=
- ৪) দান =



- নীচের এলোমেলো বাক্য সঠিক ভাবে লেখো।



- ১) গায় গান সুন্দর সে খুব।
- ২) বিদ্যালয়ে প্রতিদিন যাই আমি।
- ৩) যাই মাঠে খেলতে আমরা।
- ৪) করি আমরা বাস জেলায় গড়চিরোলী।

- নীচের শব্দগুলির সঠিক বিপরীত শব্দের নীচে দাগ দাও।



১) আলো	X	সোনা	/	অন্ধকার	/	সন্ধ্যা
২) দূরে	X	কাছে	/	গ্রহণ	/	সুন্দর
৩) সুখ	X	বাড়ি	/	সহজ	/	দুঃখ
৪) দান	X	গ্রহণ	/	মজবুত	/	সরল
৫) নতুন	X	দুপুরে	/	পুরানো	/	জীবন

- এক বাক্যে উত্তর লেখো।



- ১) উৎসব কোথায় এলো?

২) মন মাতানো কি ?

.....

৩) উৎসব পর্বে কেমন সাজ ?

.....

৪) মন্ডা মিঠাই কোথায় আছে ?

.....

- তুমি দীপাবলিতে উৎসব নিয়ে ভগবানের কাছে কী প্রার্থনা করবে, তা ৫ থেকে ৬টি বাক্যে বলো।



- শব্দের অন্তিম ধ্বনি দিয়ে নতুন অর্থপূর্ণ শব্দ মালিকা তৈরী করা।



যেমন : আম → মধু → ধূল → লতা → তারা

১) জাহাজ → → → →

২) ভগবান → → → →

- কবিতা থেকে ছন্দবদ্ধ শব্দগুলি লেখো।



যেমন : ঘরে - ভরে

১) - ২) -

৩) - ৪) -

- নীচের লাইনগুলি পড়ে তুমি কী বুঝলে তা নিজের ভাষায় লেখো।



১) আঁধার মিটে আলো জ্বলে -

২) নতুন পোশাক আতশবাজ -

পাঠন পরামর্শ : • বিভিন্ন বাংলা লোকসাহিত্য থেকে শিক্ষকের সাহায্যে পারম্পরিক শব্দের অর্থ খোঁজ করো এবং তার অর্থ তালিকাভুক্ত করো।

- কবিতাটির ছবি দেখে ছবির সম্পর্কে ৩ থেকে ৪টি বাক্য বলো। 
- কবিতা থেকে তুমি কী বুঝলে মতামত প্রকাশ করো। 
- নীচের শব্দগুলি উচ্চস্বরে পড়ো। 

☆ বন্ধু

☆ মাটি

☆ মন্ডা

☆ মাঠ

☆ শ্রদ্ধা

☆ ফুল

☆ জ্বর

☆ দিন

☆ মুক্ত

- কবিতা থেকে কঠিন শব্দের শ্রুতিলেখন করো। 

১) ২) ৩)
 ৪) ৫) ৬)

- চৌখট থেকে শব্দ বেছে লিঙ্গ পরিবর্তন করো। 

দিদি

ভগিনী

নারী

দেবী

মন্ত্রী

রাজপুত্র

ধনবতী

গায়িকা

মালিক

মাতা

শব্দ	লিঙ্গ পরিবর্তনের শব্দ
পিতা	- মাতা
ভ্রাতা	-
গায়ক	-
রাজকন্যা	-
দেব	-



১৫ ব্যবহার




একটি ছেলের কাছে সুন্দর একটা খেলনা ছিল। একদিন যখন সে স্কুলে যাচ্ছিল, তখন তার ছোটবোন বলল, “দাদা আজ তুমি স্কুলে যাচ্ছে, তোমার খেলনাটা আমায় দাওনা খেলতে, তুমি স্কুল থেকে ফিরে এলে আমি ফেরত দিয়ে দেব। কিন্তু ছেলেটি রাগ করে বলল, “আমি আমার খেলনা কেনো দেব? তুমি তোমার খেলনা নিয়ে খেলো।” অসহায় বোনটি মন খারাপ করে বসে পড়ল।



তাদের এই কথোপকথন বাবা-মা পাশের ঘর থেকে শুনলেন। বিকালে যখন ছেলেটি স্কুল থেকে ফিরল, তখন তার মোবাইল দেখতে খুব ইচ্ছে হল। সে মায়ের কাছে মোবাইল চাইল। মা বললেন “আমার মোবাইল কেন দেব, তোমাকে?” মায়ের কথা শুনে ছেলেটি খুব দুঃখ পেল। কিছুক্ষণ পর ছেলেটি বাবার কাছে কলম চাইল। বাবা বললেন “আমি আমার কলম দেবনা। তুমি নিজের কলম কোথায় রেখেছো খুঁজে নাও।” বাবার কথা শুনে ছেলেটি কেঁদে ফেলল।

ছেলেটিকে কাঁদতে দেখে মায়ের মন নরম হয়ে গেল। তিনি ছেলেটিকে বুকে টেনে নিলেন এবং স্নেহভরে বললেন, বাবা আমি তোমাকে মোবাইল দেইনি আর বাবা কলম দেননি এতে খুব খারাপ লেগেছে তাইনা? সকাল বেলায় তুমিও তোমার বোনকে খেলনাটা দাওনি। ভাবো তখন তোমার বোনেরও কত খারাপ লেগেছিল। যেমন ব্যবহার তুমি অন্যদের কাছ থেকে আশা কর, তেমন ব্যবহার অন্যদের সঙ্গেও করা উচিত।

পাঠন পরামর্শ : • ছবি পর্যবেক্ষণ করাবেন। • শিক্ষার্থীদের ব্যবহারিক জীবনের অভিজ্ঞতা সম্পর্কে চর্চা করবেন। • ভাই-বোন, বন্ধু-বান্ধবদের কোন আচরণটি ভালো লাগে, কোন আচরণটি খারাপ লাগে-এধরনের আচরণ সম্পর্কে চর্চা করবেন ও নিজের আচরণ বদলানোর জন্য সঠিক উপায় বুঝিয়ে দেবেন। • গল্পটির ঘটনা ক্রমানুসার বলার সুযোগ দেবেন। • বিশেষ-বিশেষ প্রসঙ্গে উপযুক্ত শব্দ বা বাক্য দ্বারা শুভেচ্ছা প্রকাশ করার সুযোগ করে দেবেন। • প্রস্তুত পাঠ থেকে ব্যবহারিক সুবিচার খোঁজ করতে বলবেন। • অবান্তর পুস্তক/কবিতা থেকে ব্যবহারিক শ্লোক/বাণী খোঁজ করতে বলবেন।



- সঠিক উত্তরটির সামনের গোলে রঙ করো।



১) ছেলেটির কাছে তার বোন কী চেয়েছিল ?

- ☐ বই ☐ খেলনা ☐ মোবাইল ☐ কলম

২) বোনটি খেলনাটি কেন চেয়েছিল।

- ☐ খেলতে ☐ স্কুলে নিয়ে যেতে
☐ বন্ধুদের দেখাতে ☐ ঘুমাতে

৩) ছেলেটি স্কুল থেকে ফিরে কাকে মোবাইল চাইল ?

- ☐ বাবাকে ☐ বোনকে ☐ মাকে ☐ বন্ধুকে

- নীচের বাক্যগুলিকে সঠিক ক্রমে সাজাও।



মা ছেলেটিকে টেনে নিলেন।

ছেলেটি স্কুলে যাচ্ছিল।

বোনটি খেলনাটা চাইল।

মা মোবাইল দিতে চাইলেন না।

.....

.....

.....

.....

.....

.....

- নীচের কথাগুলো সত্য বা মিথ্যা লেখো।



১) ছেলেটির বোন দাদার কাছে খেলনা চেয়েছিল।

২) মা ছেলেটিকে মোবাইল দিয়েছিলেন।

৩) বাবা কলম দিতে রাজি হয়েছিলেন।

৪) মা ছেলেকে ভালো ব্যবহার করতে বললেন।

.....

.....

.....

.....

.....

● শূন্যস্থান পূর্ণ করো।



- ১) দাদা আজ তুমি যাচ্ছে।
- ২) মা বললেন “আমার কেন দেব তোমাকে?”
- ৩) বাবা বললেন “তুমি নিজের খুঁজে নাও”।
- ৪) যেমন ব্যবহার তুমি আশা করো, তেমন ব্যবহার সঙ্গে করা উচিত।

● চিন্তা করে বলো।



- ১) এই গল্পের মূল ধারণাটি ৩ থেকে ৪ বাক্যে নিজের ভাষায় বলো।
- ২) “ভালো ব্যবহার” মানে কী?
- ৩) এই গল্প থেকে আমরা কী শিখলাম?

● নীচের প্রশ্নের উত্তর দাও।



- ১) বোনের মন খারাপ কেন হয়েছিল?

.....

.....

- ২) ছেলেটি তার বাবার কাছে কি চেয়েছিল?

.....

.....

- ৩) মা মোবাইল দিতে না চাইলে ছেলেটির কেমন লেগেছিল?

.....

.....

- ৪) মা ছেলেকে কি শিক্ষা দিলেন?

.....

.....

● তোমার সাথে ঘটিত একটি ঘটনা ক্রমানুসার বলো।



- নীচের অনুচ্ছেদটি পড়ে সঠিক শিরোনাম বলো ও প্রশ্নের উত্তর বলো।



আমার শহরটি খুব সুন্দর। এখানে বড়ো বড়ো পার্ক এবং সবুজ গাছপালা আছে। সকালে পাখির কিচিরমিচির শুনতে খুব ভালো লাগে। মানুষেরাও খুব মিতভাষী ও সব সময় গতিময়।

► উত্তর দাও।



- ১) শহরে কী কী দেখা যায় ?
- ২) শহরের জীবন কেমন ?
- ৩) শহরের মানুষেরা কেমন ?

► এই গল্প থেকে তোমার কিছু অজানা শব্দ লেখো।



অজানা শব্দ	অজানা শব্দ

- নীচের যে কোনো একটি বিষয়ের উপর ভিত্তি করে গল্প বলো।

১) ক্ষুধার্ত বিড়াল

২) নতুন ছাতা



- পাঠের মধ্যে থাকা ভিন্ন অর্থমূলক শব্দগুলি বলো।





পড়ো, বোঝো ও লেখো :



১৬

ধাঁধা



নীচের ধাঁধা সমাধান করো ও লেখো :

- আমি যাকে মামা বলি,
বাবাও বলে তাই।
ছেলেও তাকে মামা বলে,
মাও বলে তাই।
.....
- কাঁচাতে যে ফল সর্বজনে খায়,
পাকলে সেই ফল গড়াগড়ি যায়।
.....
- মাথার উপর রাখে আমায়
রোদ বর্ষার দিনে।
বাকি সময় পড়ে থাকি,
শুধু ঘরের কোনে।
.....
- লম্বা কেশর ফুলিয়ে তোলা,
গম্ভীর মেজাজ।
রাজার মতো চেহারা তাই,
নামটি পশুরাজ।
.....
- ফরসা সাহেব কালো টুপি পরে,
একবার ঘসে দিলে ওঠে সে জ্বলে।
.....
- উড়লেও পাখি নয়,
বলো দেখি কারে কয়?
.....



পাঠন পরামর্শ : • শিক্ষার্থীদের দ্বারা উপরের ধাঁধাগুলি সরব পঠন করাবেন। • শিক্ষার্থীদের ধাঁধার অর্থ আন্দাজ করতে বলবেন। • ধাঁধা সমাধানের জন্য যথেষ্ট সময় দেবেন এবং অপরোক্ষভাবে সাহায্য করবেন। • এধরনের ধাঁধা অভিভাবকের সাহায্যে সংগ্রহ করতে বলবেন।



জগদীশচন্দ্র বসু জন্মগ্রহণ করেন ১৮৫৮ সালের ৩০শে নভেম্বর ময়মনসিংহ জেলার বিক্রমপুর গ্রামে, বর্তমান বাংলাদেশে। তাঁর বাবা ভগবানচন্দ্র বসু ছিলেন একজন শিক্ষিত ও দেশপ্রেমিক মানুষ। ছোটবেলা থেকেই জগদীশচন্দ্র ছিলেন শান্ত, ভদ্র এবং খুব কৌতূহলী।

তাঁর বাবা চেয়েছিলেন, জগদীশ বাংলা ভাষা ভালো করে শিখুক। তাই তাঁকে বাংলা মাধ্যম স্কুলে ভর্তি করানো হয়। অনেক ধনী বাবা মায়েরা তখন ইংরেজি স্কুলে সন্তানদের পাঠাতেন, কিন্তু জগদীশের বাবা বলেছিলেন- “নিজের ভাষা না জানলে, সত্যিকারের জ্ঞান লাভ করা যায় না।”

এই শিক্ষাই ছোট জগদীশের মনে দেশপ্রেম এবং নিজের ভাষার প্রতি ভালোবাসা গড়ে তোলে।

জগদীশচন্দ্র ছিলেন খুব মেধাবী ছাত্র। ছোট থেকেই তিনি গণিত, বিজ্ঞান ও ভাষা – সব বিষয়েই খুব ভালো রেজাল্ট করতেন। তিনি কখনও নকল করতেন না। তাঁর বন্ধুরা তাঁকে খুব পছন্দ করত। ছোট জগদীশ গাছপালা, পাখি, পোঁকামাকড় এসব খুব ভালো-বাসতেন। তিনি মাঠে খেলতেন, গাছে উঠতেন, পোঁকামাকড় দেখতেন, আর ভাবতেন – “ওরা কেমন করে চলে ? ওদের কি অনুভূতি আছে ?” তিনিই প্রথম প্রমাণ করেছিলেন যে গাছেরও প্রাণ আছে।



“ছোটবেলার কৌতূহলই একদিন জগদীশচন্দ্র বসুকে বিশ্ববিখ্যাত জীব বিজ্ঞানী বানিয়েছিলো।” তাঁকে ‘স্যার’ উপাধিতেও ভূষিত করা হয়।

পাঠন পরামর্শ : • প্রদত্ত পাঠের সরব পাঠন করাবেন এবং তার অর্থ বুঝাবেন। • পাঠের গুরুত্বপূর্ণ ঘটনা শ্রেণীকক্ষে উপস্থাপন করতে বলবেন এবং পাঠের গুরুত্বপূর্ণ শব্দ ও বাক্যগুলি স্মরণার্থে অধঃরেখিত করতে বলবেন।

● বলো তো দেখি।



- ১) জগদীশচন্দ্র কোথায় জন্মগ্রহণ করেন ?
- ২) জগদীশচন্দ্রের বাবা কেমন লোক ছিলেন ?
- ৩) জগদীশচন্দ্রকে কোন স্কুলে ভর্তি করানো হয় ?
- ৪) জগদীশচন্দ্রের বাবা কী চেয়েছিলেন ?

● নীচে দেওয়া শব্দগুলির অর্থ পাঠ থেকে খুঁজে লেখো।



- ১) ধনবান =
- ২) স্থিরবুদ্ধি =
- ৩) জীবন =
- ৪) শোভিত =

● পড়ো, বোঝো ও লেখো।



রাকেশ তৃতীয় শ্রেণীর ছাত্র। সে জেলা পরিষদ স্কুলে পড়াশোনা করে। রাকেশের বাবা একজন সবজি বিক্রেতা, বাবা তার পছন্দের জিনিস এনে দেন। মিনা তার একমাত্র বোন। সে তার বোনকে যত্নে রাখে। তারা দুজনেই একসাথে খেলাধুলা করে।

বড়ো অক্ষরে লেখা শব্দ :			
লাল অক্ষরে লেখা শব্দ :			

► আবিষ্কারের পাশে আবিষ্কারকদের নাম লেখো।



- ১) টেলিফোন -
- ২) রেডিও -
- ৩) দূরবিন -
- ৪) মোবাইল -
- ৫) উড়োজাহাজ -
- ৬) সাইকেল -

● উত্তর লেখো।



১) জগদীশচন্দ্র বসুর জন্ম তিথি লেখো।

.....

.....

২) জগদীশচন্দ্র কী ভালবাসতেন ?

.....

.....

৩) জগদীশচন্দ্রের বাবা কী বলেছিলেন ?

.....

.....

● জগদীশচন্দ্র বসুর জীবনী সম্পর্কে অল্প কথায় লেখো।



.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

● জগদীশচন্দ্র বসুর জীবনের কোন গুণটি তোমার সবচেয়ে ভালো
লেগেছে ? কেনো ? তা বলো।



● সংবাদপত্রের ছবি দেখে নিজের ভাষায় ৩ থেকে ৪টি বাক্যে বর্ণনা
করো।



● এই পাঠ থেকে তুমি কী শিক্ষা পেলে তা নিজের খাতায় লেখো।



পাঠন পরামর্শ : ● পাঠের অন্তর্ভুক্ত ছবিগুলি পর্যবেক্ষণ করতে বলবেন। ● ছবিগুলির উপর ভিত্তি করে প্রশ্ন জিজ্ঞাসা করবেন। ● পাঠের সরব পঠন করাবেন। ● জগদীশচন্দ্র বসুর বিজ্ঞানের প্রতি অবদান ও দেশপ্রেম মূল্যবোধ সম্পর্কে চর্চা করবেন। ● অন্যান্য আবিষ্কারের ধারণা ও তার পাঠাগার সম্পর্কে আলোচনা করবেন। ● শিক্ষার্থীদের বিশেষ্য ও সর্বনাম শব্দের পরিচয় করাবেন। ● পাঠের বিশেষ্য ও সর্বনাম আলাদা করে লিখতে বলবেন।

- উপসর্গ ও প্রত্যয় লাগিয়ে নতুন শব্দ তৈরী করো।



✿ **উপসর্গ** : শব্দের আগে যোগ হয় এমন অংশ।
 ✿ **প্রত্যয়** : শব্দের শেষে যোগ হয় এমন অংশ।

- | | |
|--------------------|------------------|
| ১) বিদ্যা - | ২) শান্ত - |
| ৩) বিজ্ঞান - | ৪) দেশ - |
| ৫) শিক্ষা - | ৬) প্রেম - |

- নীচের শব্দের অন্তিম ধ্বনি দিয়ে নতুন শব্দ মালিকা তৈরী করো।



যেমন : বিজ্ঞান → নদী → দীপক → কলা → লাল

- | | | | |
|------------------|---------|---------|---------|
| ১) গ্রাম → | → | → | → |
| ২) গণিত → | → | → | → |

- নীচে দেওয়া বাক্য থেকে সমূহমূলক শব্দ খোঁজ করে নীচে লেখো।



জগদীশের বন্ধুরা তাঁকে খুব পছন্দ করত। গাছপালা,
 পাখি, পোঁকামাকড় এসব তিনি খুব ভালো বাসতেন।

- | | | |
|----------|----------|----------|
| ১) | ২) | ৩) |
|----------|----------|----------|

- জগদীশচন্দ্র এই পাঠের সারসংক্ষেপ তুমি নিজের ভাষায় খাতায় লেখো।



- সরল বিরামচিহ্ন ব্যবহার করে পাঠ থেকে যে কোনো পাঁচটি বাক্য অনুলেখন করো।





শোনো ও বলো :



১৮ তরুহীন মরু



অন্নদাশঙ্কর রায়



গাছগাছালি ছিল কত
কোথায় গেল তারা ?
বহুতল বাড়ির মেলায়
গাছগাছালি হারা।
পাখিপাখালি ছিল কত
কোথায় গেল তারা ?
গাছ বিনা কে বাঁধে বাসা ?
তারাও দেশছাড়া।
নির্মল বাতাস ছিল,
কোথায় গেল সে বা ?
বৃক্ষ বিনা দূষণ রোধ
করতে পারে কে বা ?
পার্কগুলো নিলাম করে
পুকুর করে ভরাট
আমরা দিয়ে যাচ্ছি ভায়া
শ্বাসকষ্টের বরাত।

পাঠন পরামর্শ : • উপযুক্ত ভাব ভঙ্গি ও তালসহ কবিতা আবৃত্তি করবেন। • এক-এক বা দুই-দুই পঙ্ক্তি করে শিক্ষার্থীদের অনুসরণ করতে বলবেন। • পুরো কবিতাটি একসঙ্গে আবৃত্তি করতে বলবেন। • ছবিতে কী-কী দেখা যাচ্ছে তা শিক্ষার্থীদের জিজ্ঞাসা করবেন। • ছবিটি নিয়ে শিক্ষার্থীদের সাথে আলাপ আলোচনা করবেন। • কবিতার উপর ভিত্তি করে এক কথায় উত্তর হয় এমন প্রশ্ন তুলে ধরে আলোচনা করবেন। • অভিধান ব্যবহার করে শিক্ষক অপরিচিত পদের অর্থ খোঁজ করতে বলবেন। • শিশুসাহিত্য ও কবিতা পড়ার সুযোগ করে দেবেন।

- ভিন্নার্থক শব্দ লেখো।



যেমন : হার = মালা, হার = পরাজয়

- | | |
|-----------|--------|
| ১) পাতা = | পাতা = |
| ২) পথ = | পথ = |
| ৩) ফল = | ফল = |
| ৪) কুল = | কুল = |
| ৫) ডাল = | ডাল = |

- প্রত্যেক ছক থেকে উচিত শব্দ নিয়ে অর্থপূর্ণ বাক্য তৈরী করো।



পাখি
ঈশ্বরকে
কুকুর

বন্দনা
আকাশে
প্রভুভক্ত

ওড়ে
করি
প্রাণী

- ‘গাছ’ এ বিষয়ে একটি ছোট কবিতা তৈরী করো।



- শিক্ষকের বলা বাক্যগুলি শুনে শ্রুতিলেখন করো।



- ১) _____ ২) _____
- ৩) _____ ৪) _____

- নীচের প্রশ্ন চর্চা করো।



- ১) কারা দেশ ছাড়া হয়েছে?
- ২) নির্মল কি ছিল?
- ৩) পার্কগুলো নিলাম করে কী ভরাট করে?
- ৪) কবিতার কবির নাম কী?

- তুমি ৩ থেকে ৪ টি বাক্যে নিজের ভাষায় লেখো।



- ১) তুমি যদি গাছ হতে, তাহলে মানুষদের কী বলতে?

.....

.....

.....

.....

.....

.....

.....

- ২) তুমি কীভাবে প্রকৃতি রক্ষা করবে লেখো।

.....

.....

.....

.....

.....

.....

.....

- বৃক্ষ, প্রকৃতি এবং দূষণের সুবিচার সংগ্রহ করে খাতায় লেখো।



- নীচের খবরটি সরব পঠন করো। খবরের শিরোনাম ও উপশিরোনাম লেখো। 

শিরোনাম :

উপশিরোনাম :

ভামরাগড়, ১৬ ফেব্রুয়ারি, ২০২৬

টানা তিনদিন ধরে ভারী বৃষ্টি হওয়ার ফলে ভামরাগড় গ্রামে বড়সড় বন্যা হয়েছে। গ্রামের পাশের নদীর জল হঠাৎ বেড়ে গিয়ে অনেক ঘরবাড়িতে জল ঢুকে পড়েছে।

গ্রামের প্রায় তিনশো পরিবারের ঘরবাড়ি ক্ষতিগ্রস্ত হয়েছে। কাঁচা বাড়িগুলি বেশি ভেঙে গেছে। ধান আর সবজির ক্ষেতও জলের নীচে চলে গেছে।

রাস্তাঘাট ডুবে যাওয়ায় বাইরে যাওয়া প্রায় বন্ধ হয়ে গেছে। প্রশাসনের লোকজন নৌকা নিয়ে এসে অনেক মানুষকে নিরাপদ জায়গায় নিয়ে গেছেন। বিদ্যালয়ে অস্থায়ী ত্রাণ শিবির খোলা হয়েছে। সেখানে খাবার, জল আর প্রয়োজনীয় ঔষধ দেওয়া হচ্ছে।

গ্রামবাসীরা বলছেন, অনেক বছর পর এত বড় বন্যা হলো। অনেকের গরু-ছাগল ভেসে গেছে, ঘরের মালপত্র নষ্ট হয়েছে। সবাই চাইছে দ্রুত জল নেমে যাক আর স্বাভাবিক অবস্থা ফিরুক। প্রশাসন জানিয়েছেন তাঁরা পরিস্থিতির দিকে নজর রাখছেন।

- নীচে দেওয়া শব্দ থেকে অন্য অর্থপূর্ণ শব্দ তৈরী করো। 

- | | |
|----------------------|----------------------|
| ১) পর্বতমালা - | ২) দানবীর - |
| ৩) পাঠশালা - | ৪) পরিবেশ - |
| ৫) জলপান - | ৬) নরনারায়ণ - |

পাঠন পরামর্শ : ● বিভিন্ন সংবাদপত্র থেকে খবর সংগ্রহ করতে বলবেন। ● সংগ্রহ করা খবরের অংশের ছবিগুলি পর্যবেক্ষণ করে বর্ণনা করাবেন। ● খবরের বিষয়বস্তুর বর্ণনা করে পাঠকে শিরোনাম দিতে বলবেন। ● পাঠ্যের মূলধারণা বলতে বলবেন এবং মূলধারণার উপর ভিত্তি করে নিজের মতামত ব্যক্ত করতে বলবেন। ● খবরের অপরিচিত শব্দগুলি তালিকা করে অর্থ বলবেন।



১) ভিন্নার্থক শব্দ লিখে তা দিয়ে বাক্য তৈরী করো।



- ১) কৌতূহল = :
- ২) বিজ্ঞানী = :
- ৩) জ্ঞান = :
- ৪) মেধাবী = :

২) একই শব্দ যুক্ত করে নতুন অর্থপূর্ণ শব্দ তৈরী করো।



যেমন : খন + খন = খনখন

- ১) ধপ + =
- ২) ঝির + =
- ৩) খস + =
- ৪) ঠন + =

৩) দলগত ভাবে পড়ার সময় তুমি কোন নিয়মগুলি পালন করবে তার সামনে ☒ চিহ্ন দাও।



- ১) শিক্ষকের নির্দেশ মেনে চলা।
- ২) দলগত ভাবে উত্তর দেওয়া।
- ৩) দু'জনের কথাবার্তার মধ্যে কথা বলা।
- ৪) দলের সকলকে সহযোগিতা করা।
- ৫) সময়মত পড়া শেষ করা।
- ৬) অন্যের পড়ার সময় কথা বলা।
- ৭) মনোযোগ দিয়ে শোনা।

☐
☐
☐
☐
☐
☐
☐

৪) শব্দ সমূহের জন্য একটি শব্দ ব্যবহার করো।



পালং			মশা		
কলমি		থাগকুনি	মছি		ফড়িং
পুঁই			জোনাকি		

৫) অর্থ জেনে নাও।



- ১) শিকারী =
- ২) প্রবল =
- ৩) তীর =



৬) শব্দের ভিন্নার্থক শব্দ খোঁজো, লেখো এবং মূলশব্দ দ্বারা বাক্য রচনা করো।




- ১) বন্ধু :
- ২) পাতা :
- ৩) শিকারী :
- ৪) পায়রা :



দেখো, বলো ও লেখো :



মেলা



পাঠন পরামর্শ : • শিক্ষার্থীদের ছবিটি মনোযোগ সহকারে পর্যবেক্ষণ করতে বলবেন। • ছবিটির বিভিন্ন বিবরণ/গল্প বলতে বলবেন এবং নতুন শব্দের ব্যবহার করার জন্য দলগত ভাবে চর্চা করবেন। • ছবিটির সঠিক বর্ণনা করতে বলবেন এবং ছবি সম্পর্কে ৫-৬টি বাক্য লিখতে বলবেন। • ছবি সম্পর্কে প্রশ্ন জিজ্ঞাসা করতে বলবেন।



দেখো, শোনো ও বোঝো :



১৯

টোনা আর টুনি



টোনা

টোনা আর টুনি



টুনি

টোনা আর টুনি রাতে ছাদে বসে পড়াশোনা করছিল।

কি সুন্দর চাঁদ আর
কত তারা।

১

হু...

২

এদের সম্পর্কে জানতে
ইচ্ছা হয়।

৩

হু...

৪

আমার ওখানে যেতে
ভালো লাগে।

৫

পাঠন পরামর্শ : • শিক্ষার্থীদের ছবিটি পর্যবেক্ষণ করতে বলবেন। • ছবিকথার চরিত্র ও ঘটনা নিয়ে আলোচনা করতে বলবেন। • ছবিকথার ঘটিত ঘটনা এবং তার ক্রম নিয়ে আলোচনা করে শিক্ষার্থীদের নিজের ভাষায় মতামত ব্যক্ত করতে বলবেন। • ঘটিত ঘটনার উপর ভিত্তিকরে বাক্য তৈরী করে সঠিক ক্রমে লিখতে বলবেন।



পাঠন পরামর্শ : • ছবিকথার বিষয়বস্তুর সম্বন্ধে শিক্ষার্থীদের নিজের সহপাঠীদের সাথে চর্চা করে গল্প বলতে বলবেন।
• ছবিকথাটির জন্য উপযুক্ত শিরোনাম লেখার জন্য উৎসাহিত করবেন। • ছবিকথাটির সংলাপ হিসেবে উপস্থাপনা করতে বলবেন। • অন্য ছবিকথা সংগ্রহ করতে বলবেন। • সেগুলো নিয়ে আলোচনা করবেন।



শোনো ও বলো :




২০

মামার বাড়ি



জসীমউদ্দীন

আম-কাঁঠালের বনের ধারে
মামা-বাড়ির ঘর,
আকাশ হতে জোছনা-কুসুম
ঝরে মাথার পর।
রাতের বেলা জোনাক জ্বলে
বাঁশ-বাগানের ছায়,
শিমুল গাছের শাখায় বসে
ভোরের পাখি গায়।



ঝড়ের দিনে মামার দেশে
আম কুড়াতে সুখ,
পাকা জামের শাখায় উঠি
রঙিন করি মুখ।
কাঁদি ভরা খেজুর গাছে
পাকা খেজুর দোলে,
ছেলেমেয়ে আয় ছুটে যাই
মামার দেশে চলে।

পাঠন পরামর্শ : • উপযুক্ত ভাব ও অঙ্গভঙ্গি, লয় ও তালসহ কণ্ঠস্বরে আবৃত্তি করাবেন। • এক এক বা দুই দুই পঙক্তি করে সম্পূর্ণ কবিতাটি আবৃত্তি করাবেন। • ছবিটিতে কী কী দেখা যায় তা নিজের ভাষায় বর্ণনা করতে বলবেন। • শিক্ষার্থীরা কবিতাটি লয় ও তালসহ কণ্ঠস্বরে আবৃত্তি করে কি না, এটা যাচাই সূচীর মাধ্যমে যাচাই করবেন।

- নীচে কারণ ব্যবহার করে অর্থপূর্ণ বাক্য তৈরী করো।



১) আমি ভাত খাইনি, কারণ

২) মাঠে ফসল ভালো, কারণ

৩) আজ রেলগাড়ী দেরিতে এসেছে, কারণ

৪) আমরা মেলায় যাইনি, কারণ

- সঠিক উত্তর বেছে তার সামনে ☒ এই চিহ্ন দাও।



১) মামার বাড়ি কোথায় ছিল ?

☐ নদীর ধারে।

☐ আম কাঁঠালের বনের ধারে।

☐ শহরের ভিতরে।

২) কোন গাছের শাখায় সকালে পাখি গান গায় ?

☐ আমগাছ

☐ শিমুল গাছ

☐ বাঁশ

৩) ঝড়ের দিনে কী কুড়ানো হয় ?

☐ খেজুর

☐ জাম

☐ আম

- অভিধান ব্যবহার করে সমার্থক শব্দ লেখো।



১) জোছনা =

২) ঝরে =

৩) শাখা =

৪) কুসুম =

- প্রশ্নের উত্তর লেখো।



১) মামার বাড়ির পরিবেশ কেমন ছিল ?

২) খেজুর গাছে কি দুলছে ?

৩) খেজুর পাকা দেখলে কারা ছুটে যায় ?

.....

.....

● মিল খুঁজে লেখো।



‘অ’ সমূহ

‘ব’ সমূহ

জোনাকি

রঙিন মুখ

শিমুল গাছ

ভোরের পাখি

পাকা জাম

আলোর ঝলকানি

খেজুর গাছ

পাকা ফল দোলে

.....

.....

.....

.....

.....

● তোমার মামার বাড়ির যে কোন একটি মজার ঘটনা বলো।



● তোমার সহপাঠীর মামা বাড়িতে ঘটে যাওয়া ঘটনা শোনো ও সেই সম্পর্কে দুটি প্রশ্ন তৈরী করো।



১)

.....

.....

২)

.....

.....

● নীচের প্রশ্নের উত্তর সংক্ষেপে লেখো।



১) মামার বাড়ি কোথায় ছিল ?

.....

.....

.....

২) বাঁশ-বাগানের বর্ণনা করো।

.....

.....

.....

- কবিতার সারসংক্ষেপ নিজের ভাষায় বলো।



- কবিতার ছবি সম্পর্কে তুমি নিজের ভাষায় ৩ থেকে ৪ বাক্য বলো।



- সমার্থক শব্দ লেখো।



১) আকাশ = ২) বাড়ি =

- নীচের শব্দগুলির বচন শনাক্ত করো।



১) আম = ২) বাঁশগুলো =

৩) পাখিগুলো = ৪) জাম =

- পড়ো ও বোঝো।



ওয়েবসাইট



School

আমাদের চন্দ্র মিশন



All

News

Images

Videos

Maps

More

Tools

আমাদের চন্দ্র মিশন : <http://www.>

২২শে অক্টোবর ২০০৮ এ সতীশ ধাওয়ান মহাকাশ কেন্দ্র, শ্রীহরিকোটা থেকে সফলভাবে উৎক্ষেপণ করা হয়েছিলো। দ্বিতীয় মিশন ২৯শে আগস্ট ২০০৯ এ মহাকাশযানের সাথে যোগাযোগ না হওয়ার কারণে মিশনটি সমাপ্ত বলে মনে করা হয়েছিলো।



চন্দ্রযান-৩ : ২৩শে

আগস্ট ২০২৩ এ চাঁদের দক্ষিণ মেরুতে বিক্রম ল্যান্ডার অবতরণ করেছিলো। পরে বিক্রম ল্যান্ডার গ্রাউন্ড স্টেশনে একটি বার্তা পাঠায় – “আমি আমার গন্তব্যে পৌঁছেছি।”


চন্দ্রযান-৩ মিশন সাফল্যের কারণে সারা বিশ্ব ভারতের বৈজ্ঞানিকদের অভিনন্দন জানান।

তোমরা বই থেকে অনেক কিছু নতুন তথ্য জানতে পারো। কিন্তু আরো বেশি জানতে হলে অন্যান্য ডিজিটাল মাধ্যম ব্যবহার করবে। যেমন : youtube, website, AI.

পাঠন পরামর্শ : ● ওয়েবসাইটে প্রত্যক্ষ চন্দ্রযান-৩ এর তথ্য শিক্ষার্থীদের খোঁজ করতে উৎসাহিত করবেন। ● এই পাঠ্যের মূলধারণা কী জিজ্ঞাসা করবেন। ● এই ধরনের অপরিচিত পাঠ্য পড়তে দেবেন। ● পাঠ্য থেকে অপরিচিত শব্দের তালিকা তৈরী করতে বলবেন এবং অপরিচিত শব্দের বৈকল্পিক শব্দ খুঁজে বলতে বলবেন। ● পাঠ্যটি পড়ার পর দলগত ভাবে আলোচনা করাবেন। ● এ বিষয়ে সবার মতামত নিজের ভাষায় প্রকাশ করতে বলবেন।



পাখি হলো এমন এক ধরনের প্রাণী, যারা ডানা মেলে আকাশে উড়ে বেড়ায়। তারা খুব হালকা হয় এবং তাদের শরীর পালকে ঢাকা থাকে। পাখিদের দু'টি ডানা, দু'টি পা এবং একটি ঠোঁট থাকে। পাখিরা গাছের ডালে, পাতার ফাঁকে কিংবা কুঁড়েঘরের চালায় বাসা বানায়। চড়ুই, দোয়েল, টিয়া ইত্যাদি পাখি বাসা বানাতে খুব দক্ষ। কিছু পাখি নিজের ঠোঁট ও পা দিয়ে টুকরো ডাল, শুকনো পাতা, তুলো বা ঘাস এনে সুন্দর করে বাসা বানায় এবং ডিম পাড়ে।



আলাদা এলাকায় আলাদা-আলাদা রকমের পাখি দেখা যায়। যেমন —

কাক - কালো রঙের, খুব চতুর পাখি।

টিয়া - সবুজ রঙের, কিছু কথা বলতে পারে।

চড়ুই - ছোট ও ঘর বাড়ির আশেপাশে দেখা যায়।

ময়ূর - আমাদের জাতীয় পাখি, এদের নীল রঙের পালক হয় এবং পেখম ধরে।

পায়রা - সাদা, ধূসর বা রঙিন হয়, শান্ত স্বভাবের পাখি।

ময়না - কালো রঙের, সুন্দর গলা ও বুদ্ধিমান।

পাখি নানা ধরনের খাবার খায়। কিছু পাখি ফল, বীজ ও শস্য খায়। যেমন — টিয়া, ময়না, চড়ুই এরা পোঁকামাকড় খেয়ে ফসল রক্ষা করে।



দোয়েল, কাঠঠোকরা হাঁস, রাজহাঁস ও বক পুকুরের ছোট মাছ খায়।
পায়রা ধান ও গম খেতে ভালোবাসে।

পাখির ডাক শুনে আমাদের মন খুশীতে ভরে যায়। পাখি কীটপতঙ্গ
খেয়ে কৃষকের ফসল বাঁচায়। পাখিরা ফলের বীজ ছড়িয়ে, গাছ জন্মাতে
সাহায্য করে।

আমরা কীভাবে পাখিদের সাহায্য করতে পারি: গাছে গাছে জল ও
খাবার রেখে দেওয়া। পাখির বাসা নষ্ট না করে, তাদের শান্তিতে থাকতে
দেওয়া। এভাবে পাখিদের শিকার না করে বা খাঁচায় না আটকে রেখে।
স্বাধীনভাবে বাঁচতে দেওয়া। পাখিরা স্বাধীনভাবে উড়ে বেড়ালে তারা খুশি
থাকে। আমরা পাখিদের ভালোবাসবো। পাখি প্রকৃতির বন্ধু — তাদের রক্ষা
করা আমাদের সবার দায়িত্ব।

পাখিদের ভালোবাসো, প্রকৃতি রক্ষা করো।

পাঠন পরামর্শ : • শিক্ষার্থীদের পাঠ্যটি বর্ণনার সাথে সাথে পরিবেশের সাথে তুলনা করে নিজের অভিজ্ঞতা প্রকাশ
করার সুযোগ দেবেন। • ছবিতে দেওয়া চরিত্রগুলির বর্ণনার সাথে চিত্র বানাতে ও রঙ করতে বলবেন। • প্রতিটি
শিক্ষার্থীকে সরব পঠন করার সুযোগ দেবেন। • এক কথায় উত্তর হয় এমন ধরনের প্রশ্ন তুলে শিক্ষার্থীদের সাথে চর্চা
করবেন। • শিক্ষার্থীদের বিভিন্ন সংবাদপত্র নাড়াচাড়া করে। • সংবাদপত্রে দেওয়া পাখির তথ্য সংগ্রহ করতে বলবেন।

● বলো তো দেখি –



- ১) আমাদের জাতীয় পাখির নাম কি ?
- ২) কোন পাখি কথা বলতে পারে ?
- ৩) মাছ খায় এমন পাখির নাম বলো।
- ৪) আমরা কিভাবে পাখিদের সাহায্য করতে পারি ?
- ৫) কৃষকদের ফসল কে বাঁচায় ?

● বাম পাশের শব্দের সাথে ডান পাশের সঠিক বর্ণনার জোড়া মেলাও।



‘অ’ সমূহ

‘ব’ সমূহ

কাক	কালো রঙের, সুন্দর গলা ও বুদ্ধিমান।
টিয়া	আমাদের জাতীয় পাখি।
চড়ুই	সবুজ রঙের, কিছু কথা বলতে পারে।
ময়ূর	সাদা, ধূসর বা রঙিন হয়, শান্ত স্বভাবের পাখি।
পায়রা	ছোট ও ঘর বাড়ির আশেপাশে দেখা যায়।
ময়না	কালো রঙের, খুব চতুর পাখি।

● এক বাক্যে উত্তর লেখো।



- ১) পাখিরা কোথায় বাসা বানায় ?

.....

.....

- ২) প্রকৃতির বন্ধু কাকে বলা হয়েছে ?

.....

.....

- পাঠ থেকে সমার্থক শব্দ খুঁজে লেখো।



১) বাঁচানো =

২) সহযোগিতা =

৩) সখা =

৪) কর্তব্য =

৫) ধূর্ত =

৬) নিসর্গ =

- নীচের বাক্যগুলি সত্য বা মিথ্যা লেখো।



১) পায়রা ধান ও গম খেতে ভালোবাসে।

☐

২) টিয়া পাখি কথা বলতে পারে।

☐

৩) পাখিরা বাসা বানাতে পারে না।

☐

৪) পাখিদের শিকার করা উচিত নয়।

☐

- নীচে লেখা বাক্যে সঠিক যতিচিহ্ন ব্যবহার করে বাক্যটি পুনরায় লেখো।



১) পাখিদের ভালো বাসলে প্রকৃতি হাসে

.....

.....

২) পাখিদের রক্ষা করলে প্রকৃতি বাঁচবে


.....

.....

- পাঠের মূলধারণাসহ পাঠের উপাদান সংক্ষেপে বর্ণনা করো।



- ছবিটিতে রঙ ভরো।



পাঠন পরামর্শ : ● শিক্ষার্থীরা যাতে বিদ্যালয়ের গ্রন্থাগারে নিয়মিত যায়। ● ধার করে বই পড়ে। ● পছন্দসই বইয়ের শিরোনাম, মুখপৃষ্ঠ, মলপৃষ্ঠ, লেখক ও বিষয়বস্তু সম্পর্কে জানে। ● বইয়ের বিষয়বস্তু সম্পর্কে বলে। ● এই কৃতিগুলি শিক্ষক-অভিভাবক করে নেবেন।



দেখো, বোঝো ও লেখো :



২২

জাতীয় প্রতীক



১. আমাদের জাতীয় ফুল
২. আমাদের জাতীয় পাখি



৩. আমাদের রাজ্য পাখি
৪. আমাদের জাতীয় সঙ্গীত



৫. আমাদের জাতীয় গান
৬. আমাদের জাতীয় খেলা



৭. আমাদের জাতীয় খাবার
৮. আমাদের জাতীয় ফল



‘জনগণ মন’

৯. আমাদের রাজ্য পশু
১০. আমাদের জাতীয় পশু

‘বন্দেমাতরম’

পাঠন পরামর্শ : • শিক্ষক ও অভিভাবক বিভিন্ন বাংলা লোকসাহিত্য থেকে পরম্পরাগত শব্দের অর্থ খোঁজ করে নেবেন এবং অপরিচিত শব্দের সূচী তৈরী করে নেবেন। • শিক্ষার্থীদের এ গুলি বুঝিয়ে দেবেন এবং কৃতি করিয়ে নেবেন।



পড়ো ও বোঝো :



সংলাপ



২৩

প্রার্থনা সভা



অমিতা : (মুচকি হেসে) আরে রোহন! আজ আবার দেরি করে ফেললে?

রোহন : হ্যাঁ অমিতা, আমার উঠতে দেরি হয়ে গিয়েছিল, এই জন্য আসতে দেরি হয়ে গেল। প্রার্থনা সভা তো প্রতিদিনই হয়।

অমিতা : ওহ না! প্রার্থনা সভা আমাদের শৃঙ্খলা এবং সময়ানুবর্তিতা শেখায়।

রাবট : আশ্চর্য এটা যে, তুমি সময়ের মূল্য বোঝো না!

নাসিম : হ্যাঁ, তুমি ঠিক বলেছে। প্রার্থনা সভা আমাদের একতাবদ্ধ করে।

শ্রুতি : এটি দলগত কাজের মনোভাব ও আত্মবিশ্বাস, উভয়ই বৃদ্ধি করে।

হরপ্রীত : দেখো প্রার্থনা সভায় আমরা জাতীয় সঙ্গীত, রাজ্যগীত, প্রতিজ্ঞা ও প্রার্থনা গেয়ে থাকি। এগুলো আমাদের দেশভক্তি ও একাগ্রতা শেখায়।

রাবর্ট : প্রতিদিন আমরা নতুন গল্প শুনতে পাই।

রোহন : এবার আমি বুঝলাম। প্রার্থনা সভা শুধুমাত্র প্রতিদিনের দিনচর্যা নয়, এটি শিক্ষার একটি গুরুত্বপূর্ণ অংশও।

অসীম : প্রতিদিন আমরা অনেক তথ্য একসাথে পেয়ে থাকি।

শিক্ষক : খুব ভালো! তোমরা এটা মনে রেখো।

সকল শিক্ষার্থী : ধন্যবাদ গুরুমশায়! এখন আমরা প্রতিদিন সময় মতো প্রার্থনা সভায় উপস্থিত থাকব।



পড়ো ও বোঝো :



প্রয়োগ

উপকরণ : টব, জল, লবণ, নুড়ি পাথর ও প্লাস্টিকের টুকরো

জল ভরা টবের মধ্যে কিছু লবণ ঢেলে দাও। কিছুক্ষণ পর জলের মধ্যে আর লবণ দেখা যাবেনা। এখন ওই জলের মধ্যে প্লাস্টিকের টুকরো রাখো। প্লাস্টিকের টুকরো জলের উপর ভাসতে থাকে। এবার কিছু নুড়ি পাথর ওই টবের মধ্যে ঢেলে দাও। নুড়ি পাথর টবের তলায় জমে যাবে। **লবণ কী জলে মিলে গেল? বা ! এটা একটা দারুন প্রয়োগ।**

পাঠন পরামর্শ : • শিক্ষার্থীদের সঠিক উচ্চারণসহ সংলাপটি পড়তে বলবেন। • প্রার্থনা সভায় কার্যকলাপের জন্য শিক্ষার্থীদের বিশেষদিন, সুবিচার, উৎসব ইত্যাদি প্রস্তুত করতে বলবেন। • প্রতিটি শিক্ষার্থীকে কার্যকলাপে অংশ গ্রহণ করতে উৎসাহিত করবেন। • প্রার্থনা সভা পরিচালনার জন্য তাদের বিষয়গুলি লিখতে বলবেন। • প্রতিটি শিক্ষার্থীকে পাঠাগারের বই থেকে তথ্য সংগ্রহ করতে বলবেন। • শিক্ষার্থীদের জাতীয় প্রতীক সম্পর্কে অবহিত করাবেন। • পাঠের যতিচিহ্ন বুঝিয়ে দেবেন। • প্রতিটি শিক্ষার্থীকে সংলাপে অংশগ্রহণ করার জন্য সুযোগ দেবেন।

● শোনো ও চর্চা করো।



- ১) প্রার্থনা সভায় রোহন দেরি করে আসলো কেনো?
- ২) শিক্ষার গুরুত্বপূর্ণ অংশ কোনটি?
- ৩) শৃঙ্খলা দ্বারা কি লাভ হয়?
- ৪) প্রার্থনা সভায় কী-কী প্রস্তুত করা যেতে পারে?

● নীচের ছবি দেখে তিন চারটি বাক্য বলো।



● পড়ো ও ধাঁধা বুঝো নাও।



- ১) যত কাটবে তত বাড়বে, বলতো সে কী?
- ২) কোথাও জল নেই, গাছের আগায় জল। বলতো কোন জল?
- ৩) পা নেই তবু চলে, মুখ নেই তবু বলে। সে কী?
- ৪) সকালে ওঠে রাতে ঘুমায়, আলো দিয়ে সকলকে জাগায় বলতো সে কী?

- কে কাকে বলেছে, লেখো।



১) “প্রার্থনা সভা তো প্রতিদিনই হয়।”

.....

.....

২) “তুমি সময়ের মূল্য বোঝো না।”

.....

.....

- নীচের সুবিচার পড়ো ও লেখো।

১) “শিক্ষাই মানুষের প্রকৃত সম্পদ।”

.....

.....

২) “মানবসেবাই ঈশ্বর সেবা।”

.....

.....

- সংবাদপত্রের বিশেষদিন ও গুরুত্বপূর্ণ সংবাদ পড়ে প্রার্থনা সভায় উপস্থাপনা করো।



- অক্ষরগুলোর সঠিক ক্রম লাগিয়ে অর্থপূর্ণ শব্দ লেখো।



১) র্ষ ক্র ম কা ২) হি নী কা

৩) র স রো ব ৪) ন দি তি প্র

৫) ভ না ম কা শু

প্রার্থনা সভায় শোনা যে
কোনো একটি গল্পের শুরু
মধ্য ও শেষ বলো।



কথাবার্তা



গত সপ্তাহে শোনা একটি
গল্পের সারসংক্ষেপ তিন থেকে
চার বাক্যে বলো।





অমরেন্দ্রনাথ রায়



পুতুলমণি বল না শুনি,
রাগ করেছিস কেন ?
দু'দিন ধরে মুখ করেছিস
হাঁড়ির মতন যেন।

ভুল করে' ভাই গোমড়ামুখে
একটু দে না হেসে,
প্রথম প্রথম আড়ি ক'রে
করবি না ভাব শেষে ?

এমনি করে' রাগলে পরে
চিমটি দেব গায়,
আলতা ঢেলে দেবো না আর
টুকটুকে তোর পায়।

তবুও চুপ ? ভাঙলো না মান ?
নিঠুর পুতুল তুই,
বল কথা বল, দেবোরে হাতে
নতুন ফোটা জুই।

এইতো রে বেশ, মুখ তুলেছিস।
বল কিছু ভাই বল,
পরাব তবে রঙিন শাড়ী
পায়ে রূপোর মল।

পাঠন পরামর্শ : • কবিতাটি উপযুক্ত ভাব ও অঙ্গভঙ্গি, লয় ও তালসহ কণ্ঠস্বরে আবৃত্তি করাবেন। • এক এক বা দুই-দুই পঙ্ক্তি করে সম্পূর্ণ কবিতাটি আবৃত্তি করাবেন। • ছবিটিতে কী কী দেখা যায় তা নিজের ভাষায় বর্ণনা করতে বলবেন। • শিক্ষার্থীরা কবিতাটি লয় ও তালসহ কণ্ঠস্বরে আবৃত্তি করে কি না, এটা যাচাই সূচীর মাধ্যমে যাচাই করবেন।

- নীচের শব্দগুলি উচ্চস্বরে পড়ো।



☆ ক্রোধ ☆ অটুহাসি ☆ সমাপ্ত ☆ নিষ্ঠুর ☆ ফুটন্ত ☆ ঈশ্বর

- কবিতাটিতে তোমার জানা ও অজানা শব্দগুলি নীচের তালিকায় লেখো।



জানা শব্দ	অজানা শব্দ
.....	
.....	
.....	
.....	
.....	

- নীচে দেওয়া প্রশ্নগুলির উত্তর দাও।



১) কে রাগ করে আছে ?

.....

.....

২) কবি পুতুলকে কেন চিমাটি দেবে ?

.....

.....

৩) কবি পুতুলের পায়ে কি পরাবে ?

.....

.....

- তুমি পুতুলকে কী ভাবে সাজাবে তা বলো।



- কবিতাটির ছবি সম্পর্কে ৩ থেকে ৪টি বাক্যে বলো।



- নীচে দেওয়া প্রশ্নের উত্তর তোমার নিজের ভাষায় লেখো।



১) পুতুল সাধারণতঃ কী-কী দিয়ে তৈরী হয়?

.....

.....

.....

.....

.....

২) তুমি তোমার পুতুলের যত্ন কীভাবে নেবে তা লেখো।

.....

.....

.....

.....

.....

- নীচের বাক্যগুলিকে অনেক শব্দের বদলে এক শব্দ দাও।

১) যে বিদ্যালয়ে ছাত্রদের পড়ায় -

.....

.....

২) যে জমি চাষ করে -

.....

.....

- তোমার জানা ভিন্নার্থক শব্দ লিখে সেই শব্দ দ্বারা বাক্য তৈরী করে লেখো।



শব্দ	বাক্য
কাল	১) আমি কাল বাড়ি যাবো। ২) কাল তাকে শাস্তি দিলো।
.....	
.....	

- যে কোন দুটি প্রবাদ বাক্য লেখো।



- যে কোন দুটি বাগধারা সংগ্রহ করে লেখো।



- যে কোন দুটি সুবিচার সংগ্রহ করে লেখো।



- সঠিক বিরামচিহ্নের সাথে জোড়া মেলাও।



‘অ’ সমূহ

‘ব’ সমূহ

দাড়ি

?

কমা

!

প্রশ্নসূচক চিহ্ন

|

বিস্ময়সূচক চিহ্ন

,

- নীচের শব্দগুলি শ্রেণীবিভাগ করো।



হিয়া, আমি, মহারাজ, তারা, সে, গড়চিরোলী

বিশেষ্য	সর্বনাম



১) এসো অভিধানে শব্দ খুঁজি।



১) দায়িত্ব =

২) উৎসব =

৩) স্বর্গ =

৪) প্রকৃতি =

২) নীচের ছবি পর্যবেক্ষণ করে ছকে বৈকল্পিক শব্দ গোল করো।



ল	কু	মু	দি	পু
ফু	ত	প	ন	স্প
অ	বু	ণ	ক	ম
ব্	ভা	ক্ষ	র	বি
ক্ষ	ক	গা	ছ	ল



৩) কাঁচা খাওয়া সবজি ও রান্না করে খাওয়া সবজির নাম তালিকায় লেখো।



কাঁচা খাওয়া সবজি	রান্না করে খাওয়া সবজি
.....	
.....	
.....	
.....	
.....	
.....	

৪) “আমার প্রিয় গাছ” এ বিষয়ে ৫-৬ লাইনে নিজের ভাষায় লেখো।



৫) পড়ো ও অনুলেখন করো :



শুভেচ্ছা পত্র

প্রিয় বন্ধু/বান্ধবী

তা. ৪ জুন ২০২৬

পিন্টু/শ্রেয়া আন্তরিক ভালোবাসা রইল।

আমি এটা জেনে খুবই খুশী হলাম যে, তুমি জেলা গীত-গায়ন প্রতিযোগিতায় প্রথম পুরস্কার পেয়েছো। প্রথমে তোমাকে অভিনন্দন! তুমি ভালো গান করো, এটা আমার গর্ব। আমার বিশ্বাস যে তুমি ভবিষ্যতে একজন বড়ো গায়ক/গায়িকা হবে।

বাবা মাকে আমার প্রণাম জানাবে ও ছোটদের ভালোবাসা। পুনরায় তোমাকে অভিনন্দন !

তোমার বন্ধু/বান্ধবী

বান্টু/কেয়া

পাঠন পরামর্শ : • বিভিন্ন ধরনের চিঠি ও শুভেচ্ছাপত্র তৈরী করে তাতে লেখার জন্য শুভেচ্ছা সন্দেশ ও বার্তা লিখে দলগত ভাবে শ্রেণীকক্ষে কৃতি পূর্ণ করাবেন। • বিদ্যালয়ের গ্রন্থালয় থেকে বই ধার করে নিয়ে পড়ার কৃতি সম্পূর্ণ করবেন।

প্রিয় শিক্ষার্থী বন্ধুরা,

যদি কেউ তোমাকে অনুচিত ভাবে ছোঁয় অথবা স্পর্শ করে যাতে তুমি অস্বস্তিকর বা খারাপ অনুভব করো, তাহলে চুপ থেকো না। এমন পরিস্থিতিতে তোমার জন্য নীচের কথাগুলো জানা জরুরি। ...

১. নিজেকে দোষ দিও না।
২. যাদের ওপর তুমি বিশ্বাস করো, তাদেরকে এই ঘটনার কথা বলো।
৩. তুমি POC SO e-box/ পক্সো ই-বক্সের মাধ্যমে তোমার অধিকার রক্ষার জন্য জাতীয় শিশু অধিকার রক্ষা কমিশনে অভিযোগ জানাতে পারো।

যখন কেউ তোমাকে অনুচিত ভাবে স্পর্শ করে, তখন তোমার খারাপ লাগতে পারে। তোমার অস্বস্তি বা ভয় লাগতে পারে। তুমি নিজেকে অসহায় মনে করতে পারো কিন্তু খারাপ লাগার কোনো কারণ নেই যেহেতু এই গুরুত্বপূর্ণ ঘটনার জন্য তোমার কোনো দোষ নেই।



POCSO e-box এটা NCPCR@gov.in এই ওয়েবসাইটে পাওয়া যাবে।

যদি তোমার বয়স ১৮ বছরের কম হয় এবং তুমি কোনো কারণে নিরাপদ বোধ না করো অথবা এধরনের সমস্যা জড়িত ছেলে বা মেয়েকে জানো, তাহলে তুমি ১০৯৮ (দশ নয় আট) নম্বরে ফোন করতে পারো। এটা করলে তোমার এবং তোমার বন্ধুর জীবন আরও নিরাপদ হতে পারে।



চাইল্ড লাইন - ১০৯৮ - : এই নম্বরটি ২৪ ঘন্টা খোলা থাকে এবং এটি একটি জাতীয় হেল্পলাইন নম্বর যা মহিলা এবং শিশু কল্যাণ মন্ত্রকের সহায়তায় পরিচালিত হয়।



এক উন্নত সমাজের দিকে।
Towards a new dawn

শিক্ষার্থীদের তাদের বয়স অনুযায়ী শারীরিক এবং মানসিকভাবে সঠিক স্পর্শ এবং ভুল স্পর্শ চেনার জন্য দিকনির্দেশনা করবেন।

राज्यगीत

जय जय महाराष्ट्र माझा, गर्जा महाराष्ट्र माझा
जय जय महाराष्ट्र माझा, गर्जा महाराष्ट्र माझा ॥धृ॥

भिती न आम्हा तुझी मुळी ही गडगडणाऱ्या नभा
अस्मानाच्या सुलतानीला जबाब देती जिभा
सह्याद्रीचा सिंह गर्जतो शिव शंभू राजा
दरी दरीतून नाद गुंजला महाराष्ट्र माझा
जय जय महाराष्ट्र माझा, गर्जा महाराष्ट्र माझा ॥१॥

काळ्या छातीवरी कोरली, अभिमानाची लेणी
पोलादी मनगटे खेळती, खेळ जीवघेणी
दारिद्र्याच्या उन्हात शिजला
निढळाच्या घामाने भिजला
देश गौरवासाठी झिजला
दिल्लीचे ही तख्त राखितो, महाराष्ट्र माझा
जय जय महाराष्ट्र माझा, गर्जा महाराष्ट्र माझा
जय जय महाराष्ट्र माझा ॥२॥



महाराष्ट्र राज्य पाठ्यपुस्तक निर्मिती व अभ्यासक्रम संशोधन मंडळ,
श्रुत ८११००८

बालभारती इयत्ता तिसरी (बंगाली माध्यम)

₹ 68.00